হিরণ্যগর্ভ
নবম বর্ষ, চতুর্থ সংখ্যা
১লা মাঘ, ১৪২৩

Hiranyagarbha
Volume 9, No. 4
हिरण्यगर्भ
नवम वर्ष, चतुर्थ संख्या
तारिख-१५जनवरी,२०१७

১লা মাঘ, ১৪২৩ | 15th January, 2017

সূচীপত্র a Contents

বাংলা বিভাগ ঃ—	শ্রীশ্রীনিত্যগোপাল কথা	শ্রীশ্রীমা সর্বাণী	06
	যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা	শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়	09
	শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী	বৃহৎ কিশোরী ভাগবত—সংগৃহীত	10
	নিত্যসিদ্ধ মহাত্মার দিব্যদর্শনে—শ্রীরামকৃষ্ণ লীলা	শ্রীবিষ্ণুপদ সিদ্ধান্ত ঠাকুর	12
	আদি উপমন্যু মুনির কথা	শ্রীশ্রীমা সর্বাণী	13
	জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে	শ্রীশ্রীমা সর্বাণী	13
	স্বাহার কথা	শ্রীশ্রীমা সর্বাণী	15
	রাজস্থানের সুপ্রসিদ্ধা শ্রীশ্রীসতীমায়ের লীলামৃত	শ্রীমতী বীণা চৌধুরী	16
	শ্রীশ্রীমায়ের প্রথম বদ্রীনাথধাম ভ্রমণ কথা	স্বামী সংবেদানন্দজী	18
	গীতা ভাবনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	20
	শ্রীনিগমাত্মানন্দজীর আশ্রমে শ্রীশ্রীমা	শ্রীমতী সঙ্ঘমিত্রা চক্রবর্ত্তী	21
	গুরুগীতা	যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়	23
	যৌগিক চেতনায় শ্রীশ্রীচণ্ডীতত্ত্ব	অধ্যাপক শ্রীহরপ্রসাদ রায়	24
	নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	25
	যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে	শ্রীশ্রীমা সর্বাণী	27
	গুপ্তযোগী ভূপতি মহারাজ	শ্রীসজল কান্তি ভট্টাচার্য্য	28
हिन्दी विभाग ঃ—	श्रीश्री नित्यगोपाल कथा	श्रीविमलानन्द	30
	योगीश्वर के रूप में श्रीश्रीसरोज बाबा	श्रीचंद्र पारेख	33
	ज्ञानगंज के योग प्रसंग पर	श्रीविमलानन्द	34
	स्वाहा की कथा	श्रीमती ज्योति पारेख	36
	उन्मेष	श्रीमती सुशीला सेठिया	37
	श्रीश्रीभगवान किशोरी मोहन की पत्रावली	श्रीविमलानन्द	38
	परमब्रह्म के साक्षी	श्रीविमलानन्द	40
	श्रीश्रीमाँ की प्रथम बद्रीनाथधाम यात्रा	श्रीमती ज्योति पारेख	41
	योग प्रसंग पर उपलब्धित आलोक	श्रीविमलानन्द	43
	गुरुगीता	श्रीश्रीमाँ सर्वाणी	44
	नित्यसिद्ध महात्मा के दिव्य दर्शन में – श्रीरामकृष्णलीला	श्रीमती सुशीला सेठिया	45
	आदि उपमन्यु मुनि की कथा	श्रीमती ज्योति पारेख	46
English Section ঃ—			
	Nitya Gopala - The Eternally Divine Child	Prof. Partha Pratim Chakrabarti	48
	The Philosophy of Truth	Dr. Barun Dutta	51
	Sri Sri Saroj Baba as Spiritual Supremo	Dr. Barun Dutta	52
	Gems from the Garland of Letters	Sri Arnab Sarkar	54
	My Life With Anirvan	Sri Gautam Dharmapal	56
	A Spiritual Interaction with Sree Sree Maa	Dr. Barun Dutta	58

ISBN No. 978-93-80373-92-8 Cover : Sree Sree Nityagopal Dev

Printed and Published by Dr. Barun Dutta on behalf of Mata Sharbani Trust, Plaza Housing, Vill : Jagannathpur (Shibrampur), P.O. : Ashuti, Pin : 700141, 24 Parganas (South), West Bengal, India. Tel : (033) 2488-1826, website : www.akhanda-mahapeeth.org, Email : akhanda.mahapeeth@gmail.com. Printed at : Rama Art Press, 6/30, Dum Dum Road, Kolkata-700 030, Tel : 2557-4419

Editor : Shri Arnab Sarkar • Associate Editors : Smt. Keya Chakraborty and Shri Mohit Shukla

সম্পাদকীয়

পৌষের ঘন কুজ্ঝটিকা যখন চরাচর ব্যাপৃত করে রাখে, শীতরাত্রের শিশির বিন্দু যখন গাছের পাতায়, ঘাসের মাথায় হিমেল বিন্দুতে ঘনীভূত হয়, গীর্জায় গীর্জায় সুমধুর ঘন্টাধ্বনি তখন বরণ করে নেয় ইংরেজী নববর্ষকে। আপামর বিশ্ববাসী একযোগে স্মরণ করে সেই মহামানবকে, যিনি অত্যাচারীর আস্ফালনকে কাঁটার মুকুটের মতো ধারণ করেছিলেন নিজ দেহে, কিন্তু বিশ্ববাসীকে শুনিয়ে গিয়েছিলেন পরম অভয় ও শান্তির আশ্বাস বাণী — শত দুঃখ কষ্টকে বরণ করে আধ্যাত্মিক উত্তরণের মার্গদর্শন।

পুরাতন বছরের অন্তিমলগ্নে আমরা ভক্তিবিনম্রচিত্তে উদ্‌যাপন করেছিলাম শ্রীশ্রীঅন্নপূর্ণামাতা ও শ্রীশ্রীলক্ষ্মীজনার্দনজীউ মন্দিরের প্রতিষ্ঠা বার্ষিকী। নতুন বছর আমাদের মনকে পরিপূর্ণ করুক এক বিমল আনন্দে এবং আশ্রম প্রাঙ্গণ আমোদিত হউক ধূপ-দীপ-পুষ্প-চন্দনের সৌরভে যখন ভক্তিবিগলিত চিত্তে আমরা উদ্‌যাপন করব শ্রীশ্রীগুরুমহারাজগণের পুণ্য অভিষেক লগ্নের অষ্টম বার্ষিকী মহোৎসব। আমরা বন্দনা করি নিত্যলোকস্থিত সেই জ্যোতির্ময় মহাত্মা মণ্ডলকে ও বিনম্র চিত্তে প্রার্থনা করি যেন তাঁদের অহৈতুকী কৃপায় আমাদের মনের সঙ্কীর্ণতা দূরীভূত হয়ে আধ্যাত্মিক আলোক শিখা প্রজ্জ্বলিত হয় আমাদের মনোমন্দিরে। হিরণ্যগর্ভের এই বিশেষ সংখ্যাটিতে শ্রীশ্রীমা বিধৃত করেছেন শ্রীশ্রীনিত্যগোপাল তত্ত্ব ও সেই ব্রহ্মতত্ত্বস্থিত ভগবান-সাযুজ্যপ্রাপ্ত দুই অবতারকল্প পুরুষের আলেখ্য — একজন শ্রীশ্রীচৈতন্য কৃপাধন্য শ্রীজীব গোস্বামী প্রভু ও অন্যজন শ্রীশ্রীরামকৃষ্ণ লীলাপার্ষদ ভগবান শ্রীনিত্যগোপালদেব। উভয়েই গোলোক নিবাসী নিত্যগোপাল তত্ত্বাধিকারী ও অনন্য নিত্যকৃষ্ণের বালরূপ। কোটি চন্দ্রপ্রভাবিশিষ্ট গোপালরূপী এই দিব্য শিশু নিত্য-অনিত্য সকল সৃষ্টির জনক — অনন্ত ব্রহ্মাণ্ডাধিপতি শ্রীকৃষ্ণের বালরূপে যিনি বিরাট বিশ্বকে প্রতিপালন করেন। গোলাকনিবাসী নিত্যকৃষ্ণের কখনোই অবতরণ হয় না — কৃষ্ণসাযুজ্যপ্রাপ্ত ব্রহ্মর্ষি ঋষিসত্ত্বার মধ্যে পরিপূর্ণ আবেশ-অবতার রূপে তিনি ভগবৎলীলা সংগঠন করে থাকেন।এই আবেশ -অবতার রূপ নারায়ণ ঋষিই শ্রীজীব গোস্বামী ও শ্রীনিত্যগোপালদেব রূপে ধরাধামে লীলা-প্রবিষ্ট।

নতুন বছর আমাদের মননে নতুন উদ্দীপনার সঞ্চার করুক। আমরা যেন আমাদের মনের সঙ্কীর্ণতা উল্লঙ্ঘনপূর্বক সৎভাবনা ও সৎকর্মাদিতে নিজেদের নিয়োজিত করতে পারি, শ্রীশ্রীগুরুমহারাজগণের চরণে এই আমাদের বিনম্র প্রার্থনা। হিরণ্যগর্ভের এই নববার্ষিক সংখ্যাটি তাঁদের চরণকমলে নিবেদন করে আমরা ধন্য হলাম।

: ওঁম্ তৎ সৎ ওঁম্ :

Editorial

As dense fog envelops the horizon with its mystic veil and icy chill condenses dew drops on the blades of grass and on the leaves, bells toll in the churches to welcome the New Year with its rhythmic chime. It is the time of the year when all of us should rise in unison and surrender ourselves to the lotus feet of Lord Jesus who, out of compassion to one and all, bore the brunt of abysmal human atrocities onto Himself while preaching the gospel of peace, piety and generosity amongst those who placed faith unto Him.

Towards the very end of the passing year, we celebrated with devotion the annual worship of Sree Sree Annapurna Mata and Shri Shri Laxmi-Narayan Jiu on the auspicious occasion of the anniversary of their temple inauguration. As the New Year unfolds, we, the devotees and disciples of Sree Sree Maa, would get inspired to celebrate the eighth anniversary of the enthronement of our Guru Maharajas in the Main Temple. We bow in humble obeisance to the immortal saints and Avatars to show empathy towards us in dispelling the pettiness from our minds and set us in the path of spiritual fulfillment.

In this issue of Hiranyagarbha, Sree Sree Maa has expounded in detail the life and significance of two divine personalities – Sreejiv Goswami Mahaprabhu and Shri Nityagopal Dev – who were the divine compatriots of Shri Shri Chaitanya Mahaprabhu and Bhagwan Shri Shri Ramakrishna respectively. They were the human embodiment of the omnipotent Balakrishna, the ever-radiant divine child-like form of Lord Vishnu, who manifests Himself with the unfathomable radiance of thousands of suns and controls the creation and conservation of this universe. It is Him who adorned the "Aavesha Avatar" form in this mortal world and took up the embodiment of Sreejiv Goswami Mahaprabhu and Shri Nityagopal.

Let the New Year relive us from the confines of all forms of narrowness and drive us towards stronger spiritual pursuits. On this auspicious occasion, let us jointly resolve to surrender all our vanity and emotional pettiness to the lotus feet of Guru Maharajas and pray for their divine compassion.

শ্রীশ্রীনিত্যগোপাল কথা

শ্রীশ্রীমা সর্বাণী

পরমব্রহ্ম ভূমিতে পরাসম্বিৎময়ী মহাশক্তির কোল ভেদ করিয়া আবির্ভূত হয় এক স্নিগ্ধ সমুজ্জ্বল অচিন্ত্য অদ্ভুত জ্যোতির্পুঞ্জ, ঠিক যেন পূর্ণচন্দ্র চন্দ্রিমা কোটি প্রভা বিচ্ছুরিত এক বিশুদ্ধ চন্দ্র; সেই কোটিপ্রভা সম্পন্ন মহাকারণময় নিত্যজ্যোতি পরবর্তী অবস্থায় সম্বিৎময়ী বিশুদ্ধ যোগমায়ার এক অব্যক্ত আবরণের সঙ্গে সংযুক্ত হইয়া এক অপরূপ রূপ প্রকাশ করে, যেটি নিত্য শাশ্বত দিব্যের অনুশাসনে অব্যক্তভাবে মহাইচ্ছাপ্লুত হইয়া এক দিব্যশিশুরূপে দিব্যাত্ম প্রকাশলাভ করে, ইনিই হইলেন ব্রহ্মশিশুরূপী 'নিত্যগোপাল', যিনি চিরন্তন অনন্ত ব্রহ্মাণ্ডাধিপতি 'শ্রীকৃষ্ণের বালরূপ', যিনি আনমনে বিরাট বিশ্বকে প্রতিপালন করেন এবং ইনিই হইলেন নিত্য-অনিত্য সকল সৃষ্টির জনক। ওই নিত্যগোপালরূপী পরমাত্মার বালরূপ চৈতন্যঘন। ইঁহার অবস্থান গোলোকের গোকুলে। এই অনন্ত লীলাময় বালক সাক্ষাৎ ভগবানের বালরূপ। ইঁহার সৌন্দর্য্য, মাধুর্য্য, ঐশ্বর্য্য ভাষায় বর্ণনা করা যায় না। ইহা দিব্যসৃষ্টির এক অদ্ভুত অপূর্ব মহাবিভূতি। এই নিত্যগোপাল হইলেন দিব্যভূমির একটি পরমব্রহ্মতত্ত্ব। এই তত্ত্বে যে ব্রহ্মবেত্তা ঋষি আসীন হইতে সক্ষম হন তিনি 'নিত্যগোপাল' রূপ প্রাপ্ত হন।

শ্রীমদ্ভাগবতে (৩য় অধ্যায়ে) ভগবানের অবতার কথনে রহিয়াছে চতুর্থ অবতারে শ্রীভগবান ধর্মের (যমের) পত্নী দক্ষকন্যা মূর্ত্তি (অহিংসা) হইতে জন্মলাভ করিয়া 'নর-নারায়ণ' (শ্রীভগবানের ঋষিরূপে আবির্ভাব) ঋষিদ্বয় রূপে আবির্ভূত হইয়া আত্মসংযতেন্দ্রিয় হইয়া দুষ্কর তপঃসাধন করিয়াছিলেন হিমালয়ের বদরিকাশ্রমে ও ভারতের বহু পুণ্য তীর্থাদিতে। কথিত আছে যে দ্বাপরে নর-নারায়ণের আশ্রমে বদরিকাশ্রমে ভগবান শ্রীকৃষ্ণ শিবের আরাধনা করিয়াছিলেন। এই দুইজন প্রাচীন ঋষি, ভগবানের সাক্ষাৎ অংশসম্ভূত ঋষি দুর্গম পর্বতে গিয়া কঠোর তপস্যায় রত থাকিতেন। এই দুইজনই অমিততেজা ছিলেন। ইহাতে দেবতারা ভীত হইয়া ইঁহাদের তপোভঙ্গের জন্য ইন্দ্র দ্বারা নানাপ্রকার চেষ্টা করিতে লাগিলেন; কিন্তু কিছুতেই কৃতকার্য্য না হইয়া তখন অপ্সরাদিগকে প্রেরণ করিয়া দুইজনকেই প্রলুব্ধ করিবার চেষ্টা করিলেন। ভগবৎস্বরূপ নর-নারায়ণ ইহাতে কোনরূপ বিচলিত না হইয়া নিজেদের তপোবল প্রদর্শন করিবেন বলিয়া মনে মনে ঠিক করিলেন। নারায়ণ ঋষি একটি ফুল লইয়া নিজ ঊরুর উপর স্থাপন করামাত্র একটি পরমা সুন্দরী অপ্সরা নির্গত হইয়া আসিল। ঐ অপরূপ অপ্সরাধিক তুল্য পরমাসুন্দরী নারীকে দেখিয়া দেবরাজ ইন্দ্র প্রেরিত অপ্সরাগণ লজ্জায় ও দুঃখে স্বর্গে ফিরিয়া যাইলেন। নারায়ণ ঋষির ঊরু হইতে উৎপন্ন হইয়াছিল বলিয়া সেই নারীর নাম হইল 'ঊর্বশী'। দেবতাদের সম্মুখে এইরূপে সেই অপ্সরাধিক সুন্দর নারীর সৃষ্টিতে ইন্দ্রাদি দেবগণের গর্ব খর্ব হইয়া গেল। তৎপরে নারায়ণ ঋষি ইন্দ্র প্রেরিত অপ্সরাদিগের পরিচর্য্যার জন্য কয়েক সহস্র সুন্দরী নারী সৃষ্টি করিলেন। অপ্সরাগণ এই ব্যাপারে বিস্মিত হইলে পরে নারায়ণ ঋষি তাহাদের ঊর্বশীকে লইয়া ইন্দ্র সমীপে ফিরিয়া যাইতে বলেন। প্রথমে নানা অনুনয়-বিনয় করিয়া ঋষি নারায়ণের সান্নিধ্য প্রার্থনা করিলেও অপ্সরাগণ প্রত্যাখ্যাতা হন। প্রথমে নারায়ণ শাপ দিতে চাহিলে নর তাঁহাকে থামান এবং তখন নারায়ণ আশ্বাস দেন যে ২৮-শ দ্বাপরে তিনি 'কৃষ্ণ'রূপে জন্মিয়া তখন উহাদের সকলকে বিবাহ করিবেন। সাধন তপস্যার অন্তিমকালে পূর্ণসিদ্ধ আপ্তকাম যোগীর লাভ হয় ভক্তি ও প্রেম। প্রেমভক্তির উপাসনা সমাপ্ত হয় ভগবৎ সাযুজ্য প্রাপ্ত হইলে। সেই সাধনায় উপনীত হইয়া যোগীশ্বরগণ ভগবৎলীলায় অংশগ্রহণকরতঃ সারূপ্য-সাযুজ্য পর্য্যন্ত উপনীত হইয়া ভগবৎবেত্তায় পরিণত হন। নিত্যকৃষ্ণাংশ সমুদ্ভূত নারায়ণ ঋষিও দ্বাপরের শ্রীকৃষ্ণলীলায় ভগবান শ্রীকৃষ্ণের ভূমিকা অবলম্বন করতঃ নিত্যকৃষ্ণের ইচ্ছায় এই ধরাধামে অবতীর্ণ হইয়াছিলেন। পূর্ণব্রহ্ম সনাতন শ্রীকৃষ্ণের ভূমিকা গ্রহণ করিলে নারায়ণ ঋষির স্থূলতনুকে অবলম্বন করিয়া স্বয়ং সনাতন নিত্যকৃষ্ণই লীলাখেলা করিয়া নারায়ণ ঋষিকে 'শ্রীকৃষ্ণ-সাযুজ্য'পদ প্রদান করিয়াছিলেন।

অতএব আমরা দেখিতে পাই যে নিত্যকৃষ্ণ ও নারায়ণ ঋষির দেবদেহ ও সত্তা এক ও নিত্যকৃষ্ণের অভেদ সত্তায় রূপান্তরিত এক দিব্যভাবময় 'শ্রীকৃষ্ণ' বিগ্রহকে। (পুরাণে আছে যে) এই নর ও নারায়ণ ভগবৎবেত্তা ঋষিদ্বয় দ্বাপরের শেষভাগে 'অর্জুন' ও 'কৃষ্ণ' রূপে ভগবৎলীলার জন্যে

আবির্ভূত হন। এই 'নারায়ণ' ঋষি শ্রীকৃষ্ণের অংশাবতার; মহাভারতে আছে যে স্বায়ম্ভুব মন্বন্তরে বিষ্ণুর অবতার হইলেন 'নর' ঋষি।

দিব্যপ্রজ্ঞায় জানা যায় যে নিত্যলোক গোলোকে অবস্থানকারী নিত্যকৃষ্ণের কখনোই অবতরণ হয় না। কখনো কখনো ধর্মের গ্লানি মোচনার্থে ব্রহ্মবেত্তা ভক্তগণের কাতর আবাহনে ভগবানের পূর্ণব্রহ্ম সত্তার পূর্ণশক্তিধারণকারী পূর্ণাধারের অবতরণ হওয়াও অসম্ভব নয়। আমরা শ্রীচৈতন্যদেব ও প্রভু জগদ্বন্ধু সুন্দরের ক্ষেত্রে ইহা দেখিতে পাই। কিন্তু অন্য ক্ষেত্রে অধিকাংশই পূর্ণের পূর্ণাংশের ঋষিসত্তার পূর্ণরূপ মধ্যে পরিপূর্ণ আবেশ-অবতার রূপে ভগবৎলীলা সংগঠনই পরিলক্ষিত হয়। যেমন অর্জুন ও কৃষ্ণ, নর ও নারায়ণ ঋষিদ্বয়। এই নর-নারায়ণ ঋষিদ্বয়ের মধ্যে নারায়ণ ঋষিকে আবার কলিতে শ্রীচৈতন্যের যুগে দেখিতে পাওয়া যায় প্রভুপাদ 'শ্রীজীব গোস্বামী' রূপে।



শ্রীশ্রীনিত্যগোপাল দেব

শ্রীসনাতন, শ্রীরূপ ও শ্রীঅনুপম — এই তিন ভ্রাতার মহৈশ্বর্য্যময় সংসারে একমাত্র পুত্র ছিলেন শ্রীজীব। শিশু অবস্থায় তাঁহার গৌরবর্ণ অঙ্গকান্তিতে গৃহ আলোকিত হইত। দীঘল নয়নে তাঁহার ছিল অপূর্ব চাহনি — প্রতিটি অঙ্গে বিচ্ছুরিত হইত লাবণ্যের ছটা। শ্রীচৈতন্য মহাপ্রভু যখন বৃন্দাবনে যাইবার পূর্বে রামকেলিতে আসেন ও রূপ-সনাতনকে কৃপা করেন, তখন অনুপম ও তাহার পুত্র জীবও তথায় উপস্থিত ছিল। জীব তখন মাত্র পাঁচ বৎসরের বালক সে তখনই সঙ্গোপনে দেখিয়া নিয়াছিল মহাপ্রভুকে। তখনই মহাপ্রভু তাহাকে শ্রীচরণরজঃ দিয়া ভবিষ্যৎ গৌড়ীয় সম্প্রদায়ের আচার্য্য সম্রাট পদে অভিষিক্ত করেন। বাল্যকাল হইতেই জীবের কৃষ্ণভক্তি, অন্যান্য বালকদের সঙ্গে কৃষ্ণ-বলরাম খেলা — এ যেন তাঁহার পূর্বজন্মার্জিত নিত্যসিদ্ধ সংস্কার। অল্প বয়স হইতেই তাঁহার বিদ্যার্জনে রুচি আর ভাগবত সর্ববিদ্যার সার বলিয়া ভাগবতই ছিল তাঁহার প্রাণতুল্য — অল্প বয়স হইতেই তাঁহার অন্তর অতি গভীর গম্ভীর ছিল। একদা হঠাৎ 'শ্রীকৃষ্ণচৈতন্য' বলিয়াই জীব মূর্ছিত হইয়া পড়িলেন। 'কৃষ্ণচৈতন্য' নামে তিনি কাঁদিয়া আকুল হইতেন। সকলে ভাবিলেন— এই অল্পবয়সেই এত বৈরাগ্য কেন? তবে কি গৃহত্যাগ করিয়া চলিয়া যাইবেন? শৈশবেই তিনি পিতাকে হারাইয়া ছিলেন। ওদিকে জ্যেঠারা বৃন্দাবনে সাধনরত, তবে জীবের পরিণাম কি? জীবও তো তখন হইতেই 'কৃষ্ণ' বলিতে তন্ময়। তদনন্তর একদা রাত্রে জীব কৃষ্ণ-বলরামকে স্বপ্ন দেখিলেন। কৃষ্ণ-বলরাম গৌর-নিতাইয়ে রূপান্তরিত হইলেন। গৌর-নিতাই জীবের মস্তকে পা রাখিলেন। গৌরাঙ্গ বলিলেন, ''তোমাকে নিত্যানন্দের পায়ে সমর্পণ করিয়া দিলাম।''

প্রভু জগদ্বন্ধু সুন্দর চলিয়াছেন শ্রীশ্রীনিত্যগোপাল দর্শনে। প্রভু নিত্যগোপালদেবের নিকট পৌঁছিলে পরে দেখা গেল নিত্য গোপালদেব প্রভুর দিকে পিছন ফিরিয়া বসিয়া রহিলেন। প্রভুও নির্বাক, নিত্যগোপালদেবও নির্বাক। বেশ কিছুক্ষণ ঐ অবস্থায় দুজনেই অবস্থান করিবার পর প্রভু চলিয়া গেলেন। প্রভু জগদ্বন্ধু চলিয়া যাইলে পরে নিত্যগোপালদেবের ভক্তেরা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, কেন নিত্যগোপালদেব প্রভুর সঙ্গে কথাবার্তা বলিলেন না এবং পিছন ফিরিয়া রহিলেন? ইহাতে শ্রীনিত্যগোপালদেব উত্তর দিলেন,''তখন আমার 'শ্রীজীব গোস্বামীর' ভাব হইতেছিল। আর প্রভু বলিয়াছেন যে, যে বৈষ্ণব চুল-দাড়ি-গোঁফ রাখে প্রভু তাহাকে দুচক্ষে দেখিতে পারেন না''; সেই কারণে নিত্যগোপালদেব পিছন ফিরিয়া বসিয়াছিলেন কারণ তাঁহার চুল-দাড়ি-গোঁফ সবই ছিল। দিব্য মানবগণের লীলামাধুর্য্য অনুভবের বিষয়, ভাষায় ব্যাখ্যা করা সম্ভব নয়।

ভগবান শ্রীরামকৃষ্ণ লীলাপার্ষদ-শ্রেষ্ঠ ভগবান শ্রীনিত্যগোপালদেব নিত্যলোকের 'নিত্যগোপাল' তত্ত্বাধিকারী এক অনন্য নিত্যকৃষ্ণের বালরূপ নিত্যকৃষ্ণ-সখা। একবার

শ্রীরামকৃষ্ণদেব অতীব আনন্দে বলিয়াছিলেন, ''নিত্যটি অন্তঃসার বিশিষ্ট বর্ণচোরা আমের মত।'' অন্য একদিন নিত্যগোপালদেব রামকৃষ্ণ পরমহংসদেবের আহারের সময় দক্ষিণেশ্বরে উপস্থিত হইলেন। পূর্ব পূর্ব দিনের মত সেদিনও পরমহংসদেব তাঁহাকে স্বহস্তে পরমান্ন প্রসাদ খাওয়াইয়া দিলেন। আহারান্তে পরমহংসদেবের বিশ্রামের জন্য হৃদয়বাবু (পরমহংসদেবের ভাগিনেয়) সকলকে বাহিরে যাইতে বলায় তখন অন্য ভক্তগণ বাহিরে আসিয়া পঞ্চমুণ্ডীতলায় বসিয়া ধ্যান করিতে লাগিলেন। ইত্যবসরে নিত্যগোপালদেবও একটি নির্জন স্থানে ভূপৃষ্ঠে উপবেশনপূর্বক আত্মানন্দে নিমগ্ন হইয়া সমাধিস্থ হইলেন। ধ্যানান্তে ভক্তগণ শ্রীশ্রীনিত্যগোপালদেবকে সমাধিস্থ দেখিয়া তাঁহার বাহ্যদশা ফিরাইবার চেষ্টা করিয়াও যখন বাহ্যসংজ্ঞা আসিল না, তখন ভক্তগণ তাঁহাকে ঐ অবস্থাতেই স্কন্ধে স্থাপন পূর্বক শ্রীশ্রীপরমহংসদেবের প্রকোষ্ঠে লইয়া গেলেন। পরমহংসদেব নিত্যগোপালদেবের সমাধি দর্শনে পুলকিত হইয়া উঠিলেন। তখন পরমহংসদেব তাঁহার দিব্যস্পর্শে নিত্যগোপালদেবের সমাধি ভঙ্গ করিলেন। তৎপরে ভাবাবেশে দুইজনে অদ্ভুত অলৌকিক ভাষায় কথাবার্তা কহিতে লাগিলেন। অতঃপর শ্রীশ্রীপরমহংসদেব বাহ্যদশায় আসিলেও শ্রীশ্রীনিত্যগোপালদেবকে পূর্বাবস্থায়ই থাকিতে দেখিয়া ভক্তগণের মধ্যে কেহ কেহ বলিলেন যে ''আপনার দর্শন ও কৃপা প্রভাবেই ইঁহার এরূপ সমাধিলাভ হয়েছে।'' শ্রীশ্রীপরমহংসদেব তখন জিভ্ কাটিয়া বলিলেন, ''রাম! রাম! একথা মুখেও আনিস্ না। ও যে নিত্যসিদ্ধ; শম্ভু-স্বয়ম্ভু; নিত্য কারও কৃপার অপেক্ষা রাখে না।''

একসময় শ্রীশ্রীরামকৃষ্ণদেব ভক্ত রামচন্দ্রকে বলিয়াছিলেন, ''তোর ঘরে কি জিনিস আছে, চিন্‌তে পারলি না? নিত্য যে সাক্ষাৎ নারায়ণ। তাঁকে নারায়ণের মত সেবা করিস।'' শ্রীশ্রীনিত্যগোপালদেবের বক্ষঃস্থল দিব্যভাবের স্ফীতি ও আতিশয্যে উজ্জ্বল ও রক্তিমাভাযুক্ত হইয়াছিল। তিনি সর্বদাই ভাবোন্মত্তাবস্থায় থাকিতেন। তথায় তিনি নিঃশব্দে উপবিষ্ট ছিলেন। ঠাকুর রামকৃষ্ণদেব সহাস্যে নিত্যগোপালকে বলিতেন — ''গোপাল! তুই সব সময়েই চুপ করে থাকিস কেন?'' নিত্যগোপাল শিশুর মত সহজ সরলভাবে উত্তর দিলেন, ''আমি জানি না।'' ঠাকুর বলিতেন, ''গোপালের পরমহংসাবস্থা।'' আবার একদিন ফুলদোলের দিবসে নিত্যগোপালদেব ও পরমহংসদেব দুজনেই ভক্ত রামচন্দ্রের গৃহে শুভাগমন করিলে পরে তথায় অপূর্ব শ্রীশ্রীরাধাকৃষ্ণের মধুর কীর্তন হইতেছিল। সেই কীর্তন শ্রবণে নিত্যগোপালদেব ও পরমহংসদেব ভাবাবেশে উৎসব প্রাঙ্গণে এরূপ নৃত্য করিতে লাগিলেন যে উপস্থিত সকলে নির্নিমেষ নয়নে তাহা দর্শন করিয়া প্রেমানন্দে বিভোর হইয়া পড়িলেন। এইরূপ বহুক্ষণ নৃত্যবিলাসের পর শ্রীশ্রীরামকৃষ্ণদেব প্রাঙ্গণ মধ্যে দাঁড়াইয়া শ্রীশ্রীনিত্যগোপালদেবের সেই বিশ্ববিমোহন অপরূপ নৃত্য দর্শনে আনন্দে আত্মহারা হইয়া আবেগভরে বলিতে লাগিলেন, ''ঐ দ্যাখ! কিশোরীর বঁধীয়ান (কিশোরীর প্রেমে বন্দী)।'' অন্য আরেক দিবসে নিত্যগোপালদেব দক্ষিণেশ্বরে পরমহংসদেবের সমীপে গমন করেন। শ্রীশ্রীঠাকুর তাঁহাকে দর্শনমাত্রই উৎফুল্ল হইয়া উঠিলেন। তৎপরে সাদরে তিনি তাঁহার বিশেষ অভ্যর্থনাকরতঃ তাঁহাকে আপ্যায়িত করিতে লাগিলেন। অতঃপর রামকৃষ্ণদেবের পতিসেবা পরায়ণা অতীব ভক্তিমতী তাঁহার সহধর্মিণী শ্রীযুক্তা সারদাদেবীকে বলিলেন, ''তুমি আজ নিজের হাতে নিত্যকে খাইয়ে দাও।'' আজ্ঞামাত্রই মা সারদাদেবী শ্রীশ্রীনিত্যদেবের সেবায় রত হইলেন এবং পরম ভক্তি সহকারে তাঁহাকে খাওয়াইয়া দিতে লাগিলেন। তিনি শ্রীরামকৃষ্ণদেবের পরমস্নেহের বস্তু শ্রীনিত্যদেবকে নিজ হস্তে খাওয়াইয়া দেওয়ায় শ্রীপরমহংসদেব অত্যন্ত প্রীত হইলেন এবং আনন্দিত হইয়া সহধর্মিণীকে বলিলেন, ''আজ তোমার জন্ম সার্থক হল।'' — এইভাবে বহু লীলার মধ্য দিয়া শ্রীশ্রীপরমহংসদেব 'নিত্যগোপালের' সাক্ষাৎ পরিচয় দিয়াছেন।

একদিন কোন এক ভক্ত-গৃহে তুমুল কীর্তন চলিতেছিল। সেই সময় নানাভক্ত শ্রীগোপালদেবকে নানারূপে দর্শন করিতেছিলেন; এমন সময় শ্রীমৎ কেশবানন্দ মহারাজ (নিত্যগোপালদেবের সন্ন্যাসী শিষ্য) দেখিলেন — শ্রীগোপালদেবের জ্যোতির্ময় দেহ একবার ঊর্দ্ধে উঠিতেছে, আবার নামিতেছে — সেই দিব্যদেহে একটি 'গোপাল-মূর্তি' তাঁহার নয়ন-পথে দৃষ্টিগোচর হইল। তাঁহার দিব্যজ্যোতি সমস্ত ঘরটিকে উদ্ভাসিত করিল। শ্রীশ্রীদেবের এই অনুপম বিভূতি দর্শনে শ্রীমৎ কেশবানন্দ মহারাজ ভক্তিভাবে দ্রবীভূত হইয়া গেলেন। —'শ্রীশ্রীনিত্যগোপাল'রূপী নিত্যগোপালদেবের এমনই অদ্ভুত মহিমা!

যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা

প্রসঙ্গ (৩২)

বহু প্রাচীন ঋষিরা শ্রীশ্রীবাবার কাছে (দাদার কাছে) দেহ ধারণ করে বিশেষ কারণে বা কাজের জন্যে আসতেন —

কোন এক গ্রীষ্মকালে সময়টা সম্ভবতঃ দুপুর ১২-৩০মিঃ, আমি (আশীষ ব্যানার্জী) দাদার বাড়ীর কাছে এসে দেখি গুরুভ্রাতা বিকাশ দাদার বাড়ীর বাইরে দাদার বাড়ীর পশ্চিম দিকে সোজা যে রাস্তাটা চলে গেছে, সেদিকে তাকিয়ে দাঁড়িয়ে আছে; আমাকে বাড়ীতে ঢুকতে দেখে খুব উত্তেজিত হয়ে বিকাশ বলল, ''আশীষদা কারোর সাথে দেখা হল? কাউকে দেখতে পেলে?'' আমি বললাম, ''কার কথা বলছ?'' বিকাশ বলল, ''আরে, এই মাত্র প্রায় সাড়ে ছ'ফিট লম্বা এক প্রাচীন সাধুকে ছেড়ে দিয়ে এলাম। তুমি যে পথ দিয়ে আসছ, সেই পথে। প্রাচীন সাধুটি দাদার সাথে কিছু কথাবর্তার পর আমি দাদার কথামত ওনাকে একটু এগিয়ে দিলাম। আমি দাদার কাছে পরচিয় জানতে চাওয়ায় উনি কিছুই বলেননি।'' একথা শুনে তখন আমি বললাম, ''চল দেখি। দাদার কাছে গিয়ে খোঁজ খবর নি।''

দাদা বাইরের ঘরে তক্তপোশে বসে ছিলেন। এবার আমরা দাদাকে চেপে ধরলাম সাধুবাবার পরিচয় জানার জন্যে। উনি কিছুতে বলেন না। চুপ করে থেকে এদিক-ওদিক তাকাচ্ছেন কিন্তু কিছুতেই আমাদের চোখের সাথে এক হচ্ছেন না। মহা মুস্কিলে পড়া গেল। আমি তখন বাচ্চা ছেলের মতন দাদার হাত ধরে টানাটানি করতে লাগলাম, ঝাঁকাতে লাগলাম। তার সাথে সাথে অনুরোধ করতে লাগলাম। বেশ কিছুক্ষণ বাদে দাদা মুখ খুললেন। বললেন, ''সুমেরু দাসজী (বাঙালী দেহ, মহাবতার বাবাজী মহারাজের মানসপুত্র, তখন ওনার বয়স প্রায় ১৭০ বৎসর, দাদার কথানুসারে) এসেছিলেন বিশেষ কাজের জন্যে।'' — একথা বলেই দাদা চুপ করে গেলেন।

(শ্রীশ্রীবাবাকে পেতে গেলে কঠোর সাধনা চাই। শ্রীশ্রীমাকে পেতে গেলে অসীম শ্রদ্ধা এবং শুদ্ধা ভক্তিই যথেষ্ট।)

প্রসঙ্গ (৩৩)

সদ্‌গুরুর ইচ্ছাটাই প্রকৃত 'ইচ্ছা', সেটা কালাধীন নয় —

আমার (আশীষ ব্যান্যার্জী) অনেকদিন মনের ইচ্ছা ছিল যে দাদার (শ্রীশ্রীবাবার) পায়ের ধুলো আমাদের বাড়ীতে পড়ুক। হঠাৎ একদিন দাদা বললেন যে ''আশীষ তোর বাড়ী আজ যাব''- একথা শুনে আনন্দে আমি দাদাকে বললাম, ''দাদা, আমি আপনাকে এসে নিয়ে যাবো, কখন আসবো বলুন?'' দাদা বললেন যে, ''তোকে আসতে হবে না, আমি নিজে ঠিক চিনে যেতে পারবো'' — দাদা এর আগে কোনদিন আমাদের বাড়ীতে যাননি। কি করে উনি যাবেন? ওনার বাড়ী বাকসাড়াতে আর আমার বাড়ী সেখান থেকে অন্যদিকে রামরাজাতলা দিয়ে, Government Press - এর পাশ দিয়ে গিয়ে আরও অনেকটা ভেতরে যেতে হয়। যাইহোক অনেক বলা সত্ত্বেও দাদা নিজেই যেতে চাইলেন। অগত্যা আমি কি করলাম, আমার বাড়ীর গলি থেকে বেরিয়ে বড় রাস্তার তিন মাথার মুখে একটি দোকানে বসে দাদার অপেক্ষায় রইলাম। তখন সময়টা প্রায় বিকেল ৫-৩০মিঃ হবে। কিছুক্ষণ বাদে হঠাৎ দেখলাম, দাদা একটা রিক্সা থেকে বলে উঠলেন, ''আশীষ, আমি এসে গেছি।'' আমি একটু অবাক হয়ে গেলাম যে দোকানের ভেতরে থাকা সত্ত্বেও দাদা আমায় ঠিক দেখতে পেয়েছেন। এবার আমি সাইকেলে চেপে আগে আগে চলেছি এবং দাদা পিছনে রিক্সাতে বসে চলেছেন; এভাবে দাদাকে বাড়ীতে নিয়ে এলাম।

বাড়ীর দোতলায় উঠে দাদা বাবা ও মায়ের সঙ্গে দেখা করে অল্প কিছু কথা বললেন। আমার বাবা চাইতেন না যে আমি কোন সন্ন্যাসীর পাল্লায় পড়ি; হয়তো সেই বিশ্বাসভঙ্গের জন্যে দাদা আমার বাবাকে বললেন যে, ''আশীষের অনেক সুকৃতি আছে, যোগ সাধনায় অগ্রসর হতে পারবে।'' এরপর যতদূর মনে হয় দাদা কিছু খেতে চাইলেন না, মায়ের অনেক অনুরোধে সম্ভবতঃ একটু সন্দেশ মুখে দিলেন। এরপর দাদা বাড়ী থেকে বেরিয়ে রিক্সায় উঠে পড়লেন। এবারও সেই একই ব্যাপার ঘটল। দাদা বললেন, ''আশীষ তোকে আমার সাথে যেতে হবে না, আমি যেভাবে এসেছি সেভাবেই চলে যাবো।'' সুতরাং আমি কি করি? দাদা বেরিয়ে যাওয়ার পর কয়েক মিনিট বাদে মনে হল, দাদার পিছনে পিছনে সাইকেলে করে যাই। কিন্তু প্রচণ্ড গতিতে সাইকেল চালিয়েও দাদার রিক্সা রাস্তায় কোথাও দেখতে পেলাম না। আশ্চর্য্য ব্যাপার! দাদাকে যেতে হলে রামরাজাতলা স্টেশন

পেরিয়ে যেতে হবে, আর তার চেয়ে বড় ব্যাপার যে স্টেশনের ক্রসিং-এর গেট প্রায় সব সময়েই বন্ধ পড়ে থাকে; যদি সেই মুহূর্তে গেট খুলেও দেয় তাও দাদার এত তাড়াতাড়ি স্টেশনের কাছে আসা সম্ভব নয়। যাই হোক আমি তখন ক্রসিং-এর গেটে মাথা ও সাইকেল গলিয়ে দ্রুত গতিতে দাদার বাড়ীর দিকে সাইকেল চালালাম। সেও অনেকটা পথ। রাস্তাতেও দাদাকে দেখতে পেলাম না। যাই হোক, দাদার বাড়ীর কাছে গিয়ে দেখি যে গেট বন্ধ। আমি চেঁচিয়ে ''সোনা, মানা'' (দাদার মেয়েরা) বলে ডাকতে লাগলাম। দোতলায় বৌদি (দাদার স্ত্রী) বেরিয়ে এসে বললেন যে, ''কোন বিশেষ দরকার আছে কি? তোমাদের দাদা অনেকক্ষণ থেকে ঘুমোচ্ছেন।'' তখন সম্ভবতঃ সন্ধ্যা ৭টা হবে, তখনই দাদা পরিষ্কার বুঝিয়ে দিলেন —''দ্যাখো, আমি একই অনুরূপ দেহ বিভিন্ন জায়গায় ইচ্ছা মাত্রেণ ধারণ করতে পারি।'' *.....ক্রমশঃ*

—পিতৃচরণাশ্রিত শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়, শিবপুর, হাওড়া

শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী

শ্রীঅমরেন্দ্র চন্দ্র শ্যামের গ্রন্থনায়, 'অখণ্ড মহাপীঠ' দ্বারা প্রকাশিত ভগবান শ্রীশ্রীকিশোরী মোহনের জীবনী গ্রন্থ 'বৃহৎ কিশোরী ভাগবত'-এর অন্তর্গত ভগবান কিশোরী মোহনের অমূল্য আধ্যাত্মিক উপদেশ সমৃদ্ধ পত্রাবলীর থেকে নিম্নলিখিত পত্রটি উদ্ধৃত করা হল।

পত্র নং (৪)

ওঁ

৮ই পৌষ, ১৩৪৫ বাং
কাশীধাম

শ্রীমান রাজা - পরম কল্যাণীয়েষু,

তোমার পত্র পাইয়া তোমার সাধনের অবস্থা জানিয়া আনন্দিত হইলাম। তুমি যে বিষয়ক প্রশ্ন করিয়াছ তাহার উত্তর সংক্ষেপে দিতেছি যথা —

শ্রুতি চৈতন্যকে বিবিধরূপে বর্ণনা করিয়াছেন। নির্গুণ এবং সগুণ। নির্গুণ যথা - অরূপং, অস্পর্শং, অশব্দমব্যয়ম্ ইত্যাদি। এবং সগুণ যথা - 'সূর্য্য, চন্দ্র, মসৌ, ধাতা যথা পূর্ব সকল্পয়দ্দিব তথ পৃথিবী যতান্তরিক্ষং অথ স্বঃ'। এখানে 'ধাতা' শব্দের অর্থ ঈশ্বর। এবং 'যথা পূর্ব্বং' শব্দের অর্থ যেরূপ পূর্ব কল্পে করিয়াছিলেন। তথা - 'যস্য প্রশাসনাৎ গার্গী চন্দ্র সূর্য্যৌ বিধৃতৌ'। জগতে চেতন ও জড় উভয় প্রকার বস্তু দৃষ্ট হয়। কিন্তু নিরবচ্ছিন্ন জড় বস্তু কোথাও নাই। বিষ্ঠাদি জড়বস্তু হইতে কৃমি-কীটাদি চেতনের সৃষ্টি হইয়া থাকে দৃষ্ট হয়। জগতে রচনা কৌশলাদিও দৃষ্ট হয়। চন্দ্র, সূর্য্য, গ্রহ নক্ষত্রাদি শূন্যে ধৃত হইয়া নিয়মবশে পরিচালিত হইতেছে। এই সকলের দ্বারা প্রভুত বুদ্ধিশালিনী চেতনের অস্তিত্ব সূচিত হয়। জগতের জীবের কর্মফলের একজন নিয়ন্তা আছে তাহাও বুঝিতে হইবে। পাপ ও পুণ্যকর্ম ফলোন্মুখ হইয়া ফল প্রদান করে। সেই ফলবশে জন্ম, ভোগ ও আয়ুলব্ধ হয়। 'এক

প্রঘ্যটকেন মিলিত্বা একং জন্ম আরাভতে'। সুখফলের সময় কেবল সুখফল এবং দুঃখফলের সময় কেবল দুঃখভোগ হইলে দুঃখ অসহ্য হইয়া উঠে। এইজন্য এইরূপ নিয়মিত হইয়াছে যে শুভফলের মধ্যে পাপফল এবং পাপফলের মধ্যেও শুভফল সংযোগ করা হইয়াছে। এজন্য প্রত্যেক গ্রহদশা মধ্যে অন্যান্য গ্রহের অন্তর্দ্দশা হইয়াছে। ইহাই নিয়ন্তার নিয়ম এবং জগতে একটা নিয়তিও দৃষ্ট হয়। যথা - কাক ভুশুণ্ডী মুক্ত হইয়াও ১৮ কল্প গিয়াছেন ও আসিয়াছেন। তাঁহার মুক্তি হয় নাই। জীবন্মুক্তি হইলেও দেহান্তে নির্বাণ মুক্তি হয় নাই। জীবন্মুক্তি হইলেই দেহান্তে নির্বাণ মুক্তি হয় — এই সাধারণ নিয়মের ব্যতিক্রম। সাধারণ নিয়মের যে ব্যতিক্রম তাহাও ঈশ্বরের সূক্ষ্মনীতি। দেহ ধারণ করিয়া জীব প্রারব্ধ কর্মফল ভোগ করেন। সাধারণ নিয়ম এই - উহা অলঙ্ঘনীয়। কিন্তু জীব যখন ঈশ্বরে আত্মসমর্পণ করেন তখন ঈশ্বরের ইচ্ছায় ক্রমে প্রারব্ধ ফলের ব্যতিক্রমে অশুভ স্থানে শুভফলও লাভ করিয়া থাকেন। ভগবদ্গীতায় উক্তি আছে - মচ্চিত্তঃ সর্বদুর্গাণি মৎ প্রসাদাৎ তরিষ্যসি। ইহা সাধারণ নিয়মের ব্যতিক্রমে ক্বচিৎ ঘটিয়া থাকে।

নিয়তিবশে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বরেরও কল্পান্তের পূর্বে নির্বাণ নাই। এজন্য শ্রীকৃষ্ণ ও শ্রীরাম দেহান্তে বৈকুণ্ঠে গমন করিয়াছিলেন। নির্বাণ প্রাপ্ত হয়েন নাই। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর সকলেই পরমেশ্বরের অংশরূপে তাহা হইতে নিঃসৃত। শ্রীকৃষ্ণ যে দেহ লইয়াছিলেন তাহা অংশরূপ বিষ্ণুর অংশ। অংশের অংশ। পূর্ণের অবতার হয় না। একমাত্র মূলই পূর্ণ। তবে তাহারা জ্ঞানী। হরি ও হর উভয়ই জ্ঞানী। ব্রহ্মা জ্ঞানী হইলেও কখনও কখনও আবৃত হয়েন। শ্রীকৃষ্ণ তাহাকে আবরণ দিয়াছিলেন। হরি ও হরের আবরণ আছে। এজন্য তিনজনেরই মধ্যে মধ্যে সমাধি আছে। হরি ও হরকে মুক্ত বলা হয়। তাহারা জ্ঞানবলে মুক্ত এবং এই হেতু শাস্ত্রে কোথাও কোথাও পূর্ণ বলা হইয়াছে। জ্ঞানবলে জীবও এইরূপ পূর্ণ হইয়া থাকেন। এই সকল জীবের মধ্যেও কেহ কেহ কখনও কখনও হরি-হরত্ব প্রাপ্ত হইতে পারে। ব্রহ্মা, বিষ্ণু, রুদ্রের মূলকে পূর্ণব্রহ্ম, পরমাত্মা, পরব্রহ্ম এবং সগুণ ভাবে ঈশ্বর, জগদীশ্বর ইত্যাদি বলা হয়।

শক্তি চৈতন্যকে আশ্রয় করিয়া অবস্থান করেন। শক্তিকে শাস্ত্রে সত্য ও মিথ্যা ও সত্যমিথ্যাত্বক এই উভয়রূপে বর্ণনা করিয়াছেন। নিঃসৎ, নিরসৎ, নিঃসত্ত্বসত্তা ইত্যাদি। শক্তি সদাই পরিণামশীলা। চৈতন্য অপরিণামী। জ্ঞানোদয়ে মায়া ও অবিদ্যা ঐ সাধকের নিকট নাশপ্রাপ্ত হয়। মায়ার ঐরূপ বৈচিত্র্য ও পরাধীনতা ব্রহ্মজ্ঞের নিকট হেয়া। এই মায়াশক্তির প্রভাবে চৈতন্যের ঈশ্বরত্ব এবং মলিনা অবিদ্যা শক্তির প্রভাবে চৈতন্যের জীবত্ব। উভয় প্রকার শক্তি ত্যাগে চৈতন্য স্বরূপে একমেবাদ্বিতীয়ং। ঈশ্বরত্ব, জীবত্ব জ্ঞানকালে বর্জ্জিত হইয়া এক অখণ্ড পূর্ণ চৈতন্যরূপে বিরাজমান থাকেন। অতএব একমেবাদ্বিতীয়ং ইহাই তত্ত্বতঃ সত্য। এইজন্য তত্ত্বজ্ঞানী বলেন - জীবোনাস্তি, জগৎনাস্তি, তথেশ্বরঃ। তাহার নিকট দেহ থাকিতেও দেহান্তে একমেবাদ্বিতীয়ং। তত্ত্বজ্ঞানীর নিকট ঈশ্বরত্ব, জীবত্ব, ও জগৎ অখণ্ড চৈতন্যে আরোপিত মাত্র। বদ্ধের পক্ষে মায়া, অবিদ্যা আছে। মুক্তের পক্ষে নাই।

ইতি —

শ্রীকিশোরী মোহন

পুণশ্চ:- প্রারব্ধ কর্মফল সম্বন্ধে শাস্ত্রে উক্তি আছে - ন হরিঃ শঙ্করো ব্রহ্মা নান্যথৈব কদাচন অর্থাৎ ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বরও তাহার অন্যথা করিতে পারেন না। ইহা মূলের সংকল্প বলে সিদ্ধ হয়। ফলশ্চতঃ ইত্যাদি বেদান্ত শাস্ত্রে উক্ত আছে। (নিম্নের পত্র একই খামের ভিতর একই তারিখে দেওয়া)

পত্র নং (৪/১)

শ্রীমান রাজা,

জীব সাধন দ্বারা জীবন্মুক্তি প্রাপ্ত হইলে দেহান্তে নির্বাণ প্রাপ্ত হয়, ইহা সাধারণ নিয়ম। ইহার ব্যতিক্রম এই - দেহ থাকিতে তিনি যদি ঈশ্বর হইতে বিশেষ অধিকার প্রাপ্ত হয়েন, তবে সেই অধিকার কালের মধ্যে তাঁহার নির্বাণ হইবে না। মহর্ষি বেদব্যাস কল্পান্তকাল পর্য্যন্ত শাস্ত্রগ্রন্থ রচনার অধিকার বা ভারপ্রাপ্ত হওয়ায় তাঁহার নির্বাণপ্রাপ্তি হয় নাই। কল্পান্তে হইতে পারে। এইরূপ ব্রহ্মা, বিষ্ণু, রুদ্রও এই কল্পান্ত পর্য্যন্ত অধিকার প্রাপ্ত। কল্পান্তে নির্বাণ হইতে পারে। কিন্তু তাঁহাদের কাহারো যদি বাসনা থাকে আগামী কল্পেও কার্য্য করিবেন, তবে আগামী কল্পে পুনরায় আসিতে পারেন। এইরূপে সূর্য্য দেবতা, বায়ু দেবতা, বরুণ, অগ্নি দেবতা প্রভৃতি দেবতাগণও বিশেষ অধিকারপ্রাপ্ত। যম ও চিত্রগুপ্তও সেইরূপ। সকলেরই এক মূল হইতে অধিকার প্রাপ্ত। এই সকল দেবতাগণ অথবা তাহাদের মধ্যে কেহ কেহ জীবন্মুক্তি লাভে কল্পান্তে বাসনাহীন হইয়া নির্বাণ প্রাপ্ত হইতে পারেন। বাসনা থাকিলে কল্পান্তে পুনরাবৃত্তি হইবে। সমূলে সর্ববাসনাক্ষয়ে আর পুনরাবৃত্তি হয় না। তোমার প্রশ্নের অতীত অনেক কথা লিখিলাম, তাহা হইতে তোমার প্রশ্নের উত্তর সংগ্রহ করিয়া লও। প্রকৃত জীবন্মুক্তি লাভ হইলে সর্বপ্রকার বাসনার ক্ষয় হইয়া স্বয়ং ব্রহ্মস্বরূপে সদাই অবস্থিত থাকিবে। ইহা প্রথম জ্ঞানোদয়ের পর ক্রমশঃ প্রকাশমান হয়। কাহারও কাহারও জ্ঞানোদয়ের পূর্বে ঐশ্বর্য্যের উদয় হইয়া থাকে, ঐ সকল জ্ঞানের প্রতিবন্ধক হয়। ঐ সকলের উপর সম্পূর্ণ অনাস্থা, বৈরাগ্য ও উপেক্ষা, হয়তো তুচ্ছতা আসিলে ক্রমে জ্ঞানের উদয় হয়। জ্ঞানোদয়ে মুক্ত হইয়া ঐ সকল প্রাপ্তির আকাঙ্ক্ষা থাকে না। আকাঙ্ক্ষা আসিলে তাহাদিগের প্রাপ্তিও হয়। তদ্বৈরাগ্যাদপি দোষবীজ ক্ষয়ে কৈবল্যং - যোগসূত্র। ভাষ্যকার ব্যাস বলিয়াছেন — ঈশ্বর অনীশ্বরো বা - অর্থাৎ ঐশ্বর্য্যের উদয় হউক বা না হউক জ্ঞানোদয়ে আত্মতত্ত্ব অবগত হইয়া কৈবল্য প্রাপ্তি হয়। অতএব মুক্তিকামি ঐশ্বর্য্যের আকাঙ্ক্ষা বর্জন করিবেন।

ইতি —

শ্রীকিশোরী মোহন

('বৃহৎ কিশোরী ভাগবত' গ্রন্থ হইতে সংগৃহীত)

নিত্যসিদ্ধ মহাত্মার দিব্যদর্শনে—শ্রীরামকৃষ্ণ লীলা

শ্রীবিষ্ণুপদ সিদ্ধান্ত ঠাকুর

(২৯)

রামকৃষ্ণদেব — ''মা গঙ্গা, অনেকঘুরে ঘুরে সাগরের সাথে মেশেন; সৃষ্টি রহস্যও এমনি ভাবে এক এক জন্মে এক এক কর্ম নিয়ে শেষে সেই অনন্তের মাঝে মিশতে পারে, তখন সেই একই মানুষ পথের ধুলোকেও ব্রজের ধুলো বলে প্রণাম করে; আমিও তাই এতদিন পরে সাগরে মিশেছি—বিদ্যার সাগরে এলে বিদ্যে-বুদ্ধি লাভ হয়— মা ভবতারিণী সেই জন্যই হয়তো আজ ঈশ্বরকে দিয়েছেন, চন্দ্রের কাছে এনেছেন আর সঙ্গে সঙ্গে বিদ্যার সাগরেও স্নান করতে বলছেন।''

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খানিকটা স্তব্ধ হয়ে রামকৃষ্ণদেবের দিকে চোখ ফেলে বললেন— ''এখানে কেবল নোনা জলই পাবেন—খাঁটি সাগর হয়তো যিনি এমনই ব্যাখ্যা দিচ্ছেন তিনিই.....''

রামকৃষ্ণদেব -''তাই কি হয়গো? সরস্বতীর যিনি ডান হাত বা পদ্মফুল তিনি কি সাগরের অমৃত হয়ে বেড়ান না? মা কি মিছেমিছিই বিদ্যাসাগর বলে ডাকেন? ভাঁড়ে ক্ষীর না থাকলে কি চলকে গিয়ে তার গায়ে লাগতে পারে? দুধেল গরুর বাঁটে দুধ থাকবেই - বাছুর থাক, আর না থাক । চূড়ো-ধড়া পড়লেই কী কৃষ্ণ হওয়া যায়? ভ্যাক (ভেক) নিলেই ভিখ্ পাওয়া যায়, কিন্তু ভিখারী হওয়া যায় না, ভিক্ষা দেওয়াই যাদের ব্যবসা, তারা আসল ভিখারীও চিনতে পারে—তাই বলছি —লুকাবি কোথা তোরা? মায়ের কাছে কি নুকোনো চলে বাপু?'' এমন মারপ্যাঁচের কথা শুনে, বিদ্যাসাগর মহাশয়ের মাথায় যেন সপাৎ করে কে চাবুক মারলো—মুহূর্তের মধ্যে সামলে নিয়ে উত্তর দিলেন—''বেশতো আপনারা সাধক লোক, যা পদবী দেবেন তা মাথায় করে নিচ্ছি, কিন্তু বইতে পারা চাইতো?''

রামকৃষ্ণদেব -''সেতো মায়ের ইচ্ছে গো, বইতে যা পারবেনা তাঁর ছেলেকে তা দেবেন কেন? মায়ের ছেলের শক্তি, মা-ই মাপকাঠিতে মেপে নেবেন—তাতে তুমিই বা কে? আর আমিই বা কে? পাঁচ বছরের মেয়ে কাঁখে কলসী বয়, আবার বুড়ো ছেলে হোঁচট খায়—তাল বা তমাল তলে না গেলে কি, তোমার পায়ে তালতলার চটি এসেছে? ওসব তাল-বেতালের তল পাওয়া কি মায়ের দেওয়া নয়?

এই অতল তলের বিষয় একটা গল্প শুনবে? কিছু মনে কোরোনা বাপু—কখন 'আপনি' বলতে গিয়ে 'তুমি' বলছি—'আপনি' কথাটা আপনা-আপনি আসে। আবার সময় হলে আপনি পরে চলে যায়—তারপর শোন—এমনি এক কোপিন পরার মত মানুষই একজন বড়লোকের বাড়ীতে নেমন্তন্ন পেয়েছিল — অতি সাধারণ বেশভূষা দেখে বাড়ীর কর্তাই তাকে অতি গরীব ভেবে বড় লোকেদের সঙ্গে আহারে বসতে না দিয়ে বললে — 'ওহে বাপু তালতলার চটি পরে আর এই নগণ্য পোষাক পরে বড়লোক বা বিদ্বান বুদ্ধিমানেদের সঙ্গে, একসঙ্গে বসে খাবার সাহস কোরোনা।'

নিমন্ত্রিত ব্যক্তি বললেন, 'তাহলে নিমন্ত্রণ করারও সাহস করা উচিৎ নয়!'

এ কথায় ভদ্রলোক একটু থতমত খেয়ে উত্তর দিলেন — 'আপনি নিমন্ত্রিত? তবে চলুন ঐ ওঘরে যারা আপনার মতই লোক—'

নিমন্ত্রিত ব্যক্তি বললেন -'চটি দুটো কোথায় রাখব? এইখানেই রেখে যাই?'

ভদ্রলোক আরও খানিকটা চটে উঠে তার চটি দুটো পায়ে করে দূরে ছুঁড়ে ফেলতেই ঐ চটির তল থেকে ঝর ঝর করে একরাশি নোট চারিদিকে ছড়িয়ে পড়ল—জমিদার বাবু হতবাক হয়ে সেগুলো তুলে নিতে নিতে বলতে লাগলেন—'একী ব্যাপার! এতসব একশ টাকার, হাজার টাকার নোট চটির তল থেকে পড়লো? না, আমার ট্যাঁকে ছিল?'

উত্তরে সেই নগণ্য লোকটি বললে—'যা আপনার ট্যাঁকেও থাকে না তা আমার ঐ তালতলার চটির তলে থাকে'। দেখতে দেখতে লোকের ভীড় জমে গেল — কেশব সেন এগিয়ে এসে সেই নগণ্য লোকটিকে সশ্রদ্ধ প্রণাম জানিয়ে বললেন—'আরে আপনি এসেছেন?'

বিদ্যাসাগর মহাশয়, তাঁরই এই গোপন গল্পের বিষয়বস্তু শুনে, রামকৃষ্ণদেবের পায়ের কাছে এসে বসে পড়ে, সিক্তচোখে বলে উঠলেন—''আপনি! আপনি কী করে এ কথা জানলেন? আপনি কে? ওখানকার কোন লোকইতো এখানে থাকে না ও কথা কেবল মাত্র আমিই জানি-আপনি?'' রামকৃষ্ণদেব হেসে বললেন—''ও 'আমি' ও 'আমি'।''

...ক্রমশঃ

পুরাণ কথা

আদি উপমন্যু মুনির কথা

শ্রীশ্রীমা সর্বাণী

সত্যযুগের বেদ বেদাঙ্গ পারঙ্গম ব্যাঘ্রপাদ মুনির পুত্র ও ধৌম্যের অগ্রজ ছিলেন উপমন্যু। বাল্যকালে উপমন্যুকে তাঁহার মাতা দারিদ্র্যতাবশতঃ দুগ্ধের পরিবর্তে পিষ্টক গুলিয়া খাইতে দিতেন। একদিন স্বীয় মাতুলগৃহে অবস্থান কালীন দুগ্ধপান করিয়া মাতৃদত্ত শ্বেতবর্ণ পানীয় যে দুগ্ধ নহে তাহা তিনি জানিতে পারিলেন। ইহা জানিতে পারিলে মায়ের নিকট দুগ্ধপান করিবার জন্য তিনি অনুনয় করিতে লাগিলেন। ইহাতে মাতা অক্ষমতা জ্ঞাপন করিয়া তাহাকে মহাদেবের আরাধনা করিতে উপদেশ দিলেন। তদনুসারে শিবের আরাধনায় নিবিষ্টচিত্ত হইয়া তিনি কঠোর তপস্যায় নিমগ্ন হইলেন। মহাদেব তাঁহার তপস্যায় সন্তুষ্ট হইয়া তাঁহাকে 'অব্যয়কুমার' পদ দান করিলেন এবং নিজ 'গণে' অন্তর্ভুক্ত করিলেন। মূর্তিমান ক্ষীরসমুদ্র হস্তে ক্ষীর ধারণ পূর্বক উপস্থিত হইয়া তাঁহাকে সেই পিণ্ডিভূত অনশ্বর ক্ষীর প্রদান করিলেন।

পরবর্তী যুগে দেখিতে পাওয়া যায় যে ওই 'আদি' উপমন্যু মুনির উপদেশে শ্রীকৃষ্ণ শিবের আরাধনা করিয়া ধনধান্য, বহুতর পুত্র ও পত্নী এবং অতুল সামর্থ্য লাভ করিতে সমর্থ হন। (*শিব পুরাণ হইতে সংগৃহীত কাহিনী*)

জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে

শ্রীশ্রীসর্বাণীমাকে বিশেষ অনুরোধ, উনি যদি ডঃ গোপীনাথ কবিরাজজীর ১৮টি পত্রের সাধন মার্গের নিগূঢ় তত্ত্ব ও সাধন প্রণালীর উপর আলোকপাত ও ব্যাখ্যা 'হিরণ্যগর্ভ' পত্রিকায় ধারাবাহিক ভাবে প্রকাশ করেন তা হলে একটা অমূল্য সম্পদ হয়ে থাকবে। পরে তা পুস্তকে রূপ দেওয়া যেতে পারে।

—শ্রীবিজন কুমার সেনগুপ্ত

ডঃ গোপীনাথ কবিরাজের পত্রাবলী প্রসঙ্গে:—

মরমী সাধক ডঃ গোপীনাথ কবিরাজজীর গুরুভ্রাতা শ্রীঅক্ষয় কুমার দত্তগুপ্ত মহাশয়কে জ্ঞানগঞ্জের সাধন মার্গের ক্রিয়াযোগের যে সকল নিগুঢ় তত্ত্ব, তথ্য এবং সাধন প্রণালীর বিষয় চিঠিতে উল্লেখ করেছেন তারই কয়েকটি প্রশ্ন :—

৪। পত্র (৫) - ''উপর হইতে সংবাদ আসিয়াছে - আগামী শনিবার মহানিশা হইতে অক্ষয়ের কর্ম ২০০০ ও তাহার স্ত্রীর ২০০ বাড়িবে।'' — এই কর্ম কি? জপ না ক্রিয়া?

উত্তর — গুরুপ্রদত্ত উপদেশ অনুসারে ক্রিয়াঙ্গ জপ পর্য্যন্ত যথাবিধি সংখ্যা রাখিয়া সাধককে করিতে হয়। ক্রিয়া সহযোগে জপের সংখ্যা এক্ষেত্রে বর্দ্ধিত করিতে বলা হইতেছে কারণ ক্রিয়া বিহীন জপ কখনো কার্যকরী হয় না। সাধারণতঃ ক্রিয়াগুলি ন্যাস সহযোগে অথবা প্রাণায়ামের সহায়তায় করা হইয়া থাকে এবং সাধক উন্নত হইলে তখন 'কেবল' অবস্থায় সিদ্ধ হইবার জন্যে জপের সংখ্যা ক্রমশঃ বর্দ্ধিত করা হইয়া থাকে। একবার হৃদয়ে বা কূটস্থের ব্রহ্মবিন্দুতে প্রাণগতিকে স্থিত করিয়া ফেলিতে পারিলে তখন ক্রমবৃদ্ধিশীল স্বাভাবিক জপ করিবার সময় আর জপের সংখ্যা রাখিবার কোন প্রয়োজন হয় না; তখন যতক্ষণ ঐ অবস্থায় আটকিয়া থাকা যায় ততক্ষণই ধ্যানে জপ করিয়া যাইতে হয়।

৫। পত্র (৬) - 'মহাকুণ্ডল তত্ত্ব ও প্রকৃতি রহস্য', এই উভয়বিধ আলোচনা চলিতেছে। — মহাকুণ্ডল তত্ত্ব ও প্রকৃতি রহস্য কি? চরম যোগ ও পূর্ণযোগ কি?

উত্তর — চরমযোগ ও পূর্ণযোগ — যোগীসাধকের আধারের অধিকার ভেদে পরমতত্ত্বের অনুভূতি উপলব্ধি বিভিন্নাকারে হইয়া থাকে। সেই প্রতিটি বোধপূর্ণ অনুভূতির বিশিষ্টতা আছে। ঐগুলিও আধারের তারতম্যে অধিকার ভেদে পৃথক পৃথক হইয়া থাকে। চরমযোগের ভূমি হইল জ্ঞান-মহাজ্ঞানময় ভূমিতে উত্তরণ, আর, পূর্ণযোগের ভূমি হইল কর্ম-জ্ঞানময় যোগভূমিতে

উত্তরণ ও স্থিতি এবং আত্মস্বরূপ সম্পূর্ণ অবগত হইয়া অদ্বৈতজ্ঞানের ধারায় উজানে বহিয়া প্রজ্ঞাজ্যোতিতে বোধিদ্বারা সমগ্র বিশ্বকে ব্রহ্মস্বরূপের প্রকাশে উপলব্ধি করা। অর্থাৎ, শিবভাবের জ্ঞানময় ভূমিতে উপনীত হওয়া — পূর্ণ যোগ। ইহার পরে বিশুদ্ধ জ্ঞানপথে পরমতত্ত্ব ব্রহ্মরূপে অনুভূত হয়। তখন ওই বিশুদ্ধ যোগমার্গে ঐ অনুভূতি পরমাত্মস্বরূপের আকার ধারণ করে এবং তৎপরে বিশুদ্ধভক্তি বা পরাভক্তি প্রভাবে পরমতত্ত্ব যখন যোগীর নিকটে ভগবৎস্বরূপের প্রকাশে স্ফুরিত হয় তখন যোগীর যে প্রকার ব্রহ্মানুভূতি লাভ হয় তাহাতে যোগী মহাযোগী হইয়া স্বপ্রকাশ ব্রহ্মস্বরূপে স্থিতিলাভ করেন। এইরূপ পরমাত্ম দর্শন ও ভগবৎ দর্শনের ফলে মহাযোগীর চরমযোগ অবস্থায় তত্ত্বৎ স্বরূপে স্থিতিলাভ হয়।

মহাকুণ্ডল তত্ত্ব ও প্রকৃতি রহস্য — পরমব্রহ্ম (ব্রহ্ম) এবং ভগবান হইতে সৃষ্টি বিস্তারলাভ করে না কারণ ব্রহ্ম শুদ্ধ চৈতন্য বিশুদ্ধ জড় অলখ বস্তু, সেখানে চিৎ-এর উদ্ভাস বা কোনও ব্যক্ত প্রকাশ নাই। আর ভগবান স্বরূপশক্তির সঙ্গে নিত্য সম্মিলিত তাই ব্যক্ত শক্তির ক্রিয়া সাক্ষাৎভাবে তাহা হইতে হয় না। অতএব ভগবৎস্বরূপে সৃষ্টি নাই; যাহা আছে তাহা লীলা রূপা সৃষ্টি ; ইহা সৃষ্টির অতীত বলিয়া 'সৃষ্টি' পদবাচ্য হয় না — প্রকৃতপক্ষে ইহা স্বপ্রকাশের স্বয়ংপ্রকাশ বলা চলে। যথার্থ সৃষ্টি পরমব্রহ্ম স্বরূপ পরমাত্মা হইতে বিস্তারলাভ করিয়া থাকে। স্বভাবজ পরমাত্মা জ্যোতিঃস্বরূপ। এই জ্যোতির সহিত মায়ার কোন সম্বন্ধ হইলেই মায়া মুগ্ধ হইয়া মায়িক সৃষ্টির উন্মেষ হয়। কিন্তু মহাকুণ্ডল তত্ত্ব ও চিদ্-প্রকৃতির রহস্য বুঝিতে হইলে সর্বপ্রথম ভগবৎতত্ত্বই অবগত হওয়ার প্রয়োজন। তাই চরমযোগের পরে আসে মহাকুণ্ডল তত্ত্ব রহস্য।

সৃষ্টির মূলে যা আছে তাহাকে অব্যক্ত বলা যায়। সেই অব্যক্ত হইতে আদি যে ধারাটি নির্গত হয় তাহাই হইল সত্তার ধারা কিন্তু 'সত্তা হইলেও ইঁহাকে সত্তা বলিয়া পরিচিত হওয়া যায় না কারণ ইহা সৎ হওয়া সত্ত্বেও অসতের সদৃশ। যে বেগে অব্যক্ত হইতে ধারা নির্গত হইয়াছে, সেই বেগবান প্রবাহেই সৎ হইতেও আরেকটি ধারা নির্গত হইয়া অসৎ বা সদাভাসের দিকে প্রবাহিত হইতেছে। Simultaneously সৎ-এর একটি ধারা অবিরত অব্যক্তের পানে প্রবাহিত হইতেছে। আর অসৎ হইতে একটি ধারা সৎ অবস্থায় উপনীত হইয়া সৎকে চিহ্নিত করিতেছে। অতএব সৎ তখন 'সৎরূপে' প্রকাশমান হইয়াছে — ইহাকেই 'চিৎ' বলে — অর্থাৎ স্বপ্রকাশ সৎ-ই চিৎ। অবার, চিৎ হইতে একটি ধারা পূর্বোক্ত বেগের প্রভাবে বহিরাগতিতে অচিতের দিকে প্রবাহিত হইতেছে। পূর্বে চিৎ অবস্থায় সৎ ভাবটি স্বপ্রকাশ ছিল, ইহাই 'চিৎ' কিন্তু ইহাতে চিদ্ ভাবটি প্রকাশিত ছিল না। এখন অচিৎ হইতে একটি ধারা পুনঃ ফিরিয়া গিয়া চিৎকে স্পর্শ করায় অপ্রকাশ চিৎ স্বপ্রকাশ চৈতন্যরূপে আবির্ভূত হইয়া 'আনন্দ' হয়। সচ্চিদানন্দময় ভগবৎরাজ্যের এমনই দিব্যের অনুশাসনের বিধি পরিলক্ষিত হয়। ভগবৎরাজ্য চিদ্-প্রকৃতির নিয়মে চলে, উহাই 'দিব্য' — আর দিব্যে সৎ ও চিৎ ওতপ্রোতঃ। ভগবৎরাজ্য হইল সৎ-চিৎ-এর অব্যক্তের ব্যক্ত ভাব — বিশুদ্ধ চৈতন্যস্বরূপ স্বপ্রকাশে স্বপ্রকাশময় হইয়া 'পুরুষোত্তম' রূপে ঐ চিন্ময় ভূমিতে নিত্য বিরাজিত নিত্যানন্দময় চিদানন্দময় বিগ্রহ। যোগীশ্বরের ক্ষেত্রে এই পুরুষোত্তম ভাবই পূর্ণ স্বাতন্ত্র্যরূপ চিদ্সাম্রাজ্যে প্রতিষ্ঠা স্বরূপ। মহাকুণ্ডল রহস্য তন্ত্রযোগতত্ত্বান্তর্গত — ইহা ব্রহ্ম ও ব্রহ্মশক্তি বাচক শিবসত্তা ও শক্তিসত্তার অভেদত্ব সাধন প্রকাশ। পরমব্যোম মণ্ডলে শিবসত্তা ও তাঁহার অভেদ শক্তিসত্তা ব্রহ্ম ও ব্রহ্ম শক্তিরূপে একে অন্যের সম্পূরক পুরুষ সত্তা, পরমাত্মা স্বরূপের প্রতিনিধি। ব্রহ্মভাবে ব্রহ্ম চৈতন্যও পুরুষ আর চিদ্ শক্তিময়ী ব্রহ্মশক্তিও পুরুষ। এ ভূমিতে বিপরীত মহাভাব নাই, তাই এই স্তরে সত্তার মধ্যে এক অনাবিল মহাইচ্ছার উদয় কখনো কখনো সংঘটিত হইয়া পড়ে। সেই মহাইচ্ছার স্ফুরণেই মহাকুণ্ডল রহস্যের সমাধান এবং প্রকৃতির চিদ্ রহস্যের উদ্ঘাটন যাহার ফলস্বরূপ হয় চিদ্ সাম্রাজ্যে প্রতিষ্ঠা।

যোগ কৌশল অনুযায়ী মোট ১০৮ টি যোগক্রিয়ার কথা জানা যায়। এই সংখ্যাগুলি অর্থাৎ ১০০-১০৮ পর্য্যন্ত বোধি-চেতনার অতিমানব হইতে মহামানব স্তরে উপনীত হইবার ক্রম। (পত্র- ৭-এ আছে) মহাকুণ্ডল সকলের জন্যে নহে; শুধুমাত্র যিনি ১০৭ ভেদ করিয়া ১০৮-এ পূর্ণত্বলাভ করিবেন তাঁহারই জন্যে মহাকুণ্ডলতত্ত্বের প্রয়োজন। ১০৩-ভাব স্তর হইতে ১০৪-এ গুণ, ১০৫-এ গুণাতীত মহাভাব, ১০৬-মহাজ্ঞান, ১০৭-মহাগুণ (সগুণ/নির্গুণ); মহাভাবময় গুণাতীত স্তরে সৎ-চিৎ, শিবসত্তা ও শক্তিসত্তার, পরমপুরুষ বা পরমা প্রকৃতির দ্বৈতাদ্বৈত স্থিতি প্রাপ্তির অভেদতায় চিদ্ সাম্রাজ্য স্থাপন করিবার সামর্থ্য হয় মহা-যোগীশ্বরের। এই অবস্থায়ই

মহাকুণ্ডলের প্রয়োজন হয়। মহাকুণ্ডল বা চিদ্ প্রকৃতির নিরন্তর উদ্ভাস ব্যতীত সেই বিশুদ্ধ চৈতন্যময় অস্তিত্ববোধক বা অলখ অবস্থা হইতে ফিরিয়া আসা অসম্ভব হইয়া পড়ে, কারণ, সে অবস্থার পূর্বাবস্থায় দ্বৈতাদ্বৈত স্থিতির সময় পুরুষ ও প্রকৃতি অভেদত্ব প্রাপ্ত হয়। অর্থাৎ, পুরুষ ও প্রকৃতি একমেবাদ্বিতীয়ম্, সেখানে সম্পূর্ণ নিবৃত্তি, আবার অস্তিত্ব বোধকও বটে। সেই চিদাকাশের মহাব্যোম মণ্ডলে মহাযোগীশ্বর আপন উড্ডীন সত্তা লইয়া বর্তমান থাকেন। এই ভূমিকে শান্তভূমিও বলা যায়। কিন্তু ওই মহাশূন্যের মধ্যে লোক উদ্ভাসিত করিয়া উহার অধিষ্ঠাতা হওয়া, ইহাই মহাযোগীশ্বরের চরম লক্ষ্য — এ অবস্থায় সগুণ-নির্গুণ সমরস্য অবস্থা — প্রকৃতি পুরুষের এক অত্যদ্ভুত দিব্যসৃষ্টিময় রাজ্য বলা চলে।

—যোগ প্রসঙ্গের ব্যাখ্যা

শ্রীশ্রীমা সর্বাণী

কৃষ্ণ কথা

স্বাহার কথা

শ্রীশ্রীমা সর্বাণী

দেবতারা ব্রহ্মার নিকট আহার প্রার্থনা করিলে, ব্রহ্মা হরির শরণাপন্ন হন। তখন হরি নির্দেশ দেন, যজ্ঞ উপলক্ষ্যে প্রদত্ত হবি দেবতাদের আহার্য হইবে। সেই হইতে ব্রাহ্মণাদি সকলেই পূজায় যজ্ঞে হবি দান করিতে আরম্ভ করেন। কিন্তু সেই হবি দেবতারা না পাওয়ায় আবার তাঁহারা ব্রহ্মার নিকট এ বিষয়ের প্রতিকার প্রার্থনা করেন। এই ব্যাপারে একটি উপায় স্থির করিবার জন্য ব্রহ্মা মহামায়ার পূজা করিতে থাকেন। পূজায় দেবী প্রীত হইয়া ব্রহ্মাকে বর প্রার্থনা করিতে বলেন। ব্রহ্মা বর চান, ''আপনি অগ্নিদেবের দাহিকা শক্তি ও স্ত্রী হন। অগ্নি যেন আপনার সহায়তা ভিন্ন কোন হোমীয় দ্রব্য ভস্ম করিতে না পারেন। আর মন্ত্র দ্বারা আপনার নাম উচ্চারণ পূর্বক যে হবি প্রদান করা হইবে সেই হবি বা ঘৃত যেন দেবতাদিগের তৃপ্তিদায়ক হয়।'' তখন ব্রহ্মা হইতে সমুদ্ভূতা দেবী 'স্বাহা' প্রকটিতা হন এবং ব্রহ্মার বাক্যে সম্মত না হইয়া বিষ্ণুর আরাধনার জন্যে প্রস্থান করেন। সুদীর্ঘকাল আরাধনার পর বিষ্ণু স্বাহাকে বলিলেন, ''আমি দ্বাপরে যখন মর্ত্যে জন্মগ্রহণ করিব, তখন তুমি নগ্নজিৎ রাজার কন্যারূপে জন্মগ্রহণ করিয়া আমাকে স্বামীরূপে প্রাপ্ত হইবে। এখন তুমি অগ্নির দাহিকা শক্তি ও স্ত্রীরূপে পৃথিবীতে পূজা প্রাপ্ত হইবে।'' তখন ব্রহ্মার আদেশে অগ্নি স্বাহাকে বিবাহ করেন। সেই সময় হইতে মুনি-ঋষিগণ এবং ব্রাহ্মণাদিরা মন্ত্রের শেষে 'স্বাহা' শব্দ উচ্চারণ করিয়া যজ্ঞে হবি প্রদান করেন।

দ্বাপরে শ্রীকৃষ্ণের সময় নগ্নজিৎ কোশলদেশের রাজা ছিলেন। ইঁহার কন্যার নাম 'সত্যা'। পিতার নামানুসারে কন্যার অপর নাম ছিল 'নাগ্নজিতী'। নৃপ নগ্নজিৎ স্বীয় কন্যার বিবাহ সম্বন্ধে এইরূপ পণ করেন যে, যে তাঁহার রক্ষিত সপ্ত মহাবৃষ বধ করিতে পারিবে সে-ই তাঁহার জামাতা হইবে। কৃষ্ণ বৃষকে পরাস্ত করাতে তখন শ্রীকৃষ্ণের সহিত সত্যার বিবাহ হয়।

পুরাকালে অগ্নিদেবের স্ত্রী স্বাহা কৃষ্ণকে স্বামীরূপে প্রাপ্ত হইবার জন্যে কঠোর তপস্যা করেন। পরজন্মে নগ্নজিৎ রাজার কন্যা নাগ্নজিতী (সত্যা) রূপে জন্মগ্রহণ করিয়া শ্রীকৃষ্ণকে পতিরূপে লাভ করিবেন এইরূপ শ্রীবিষ্ণুরূপে শ্রীকৃষ্ণ স্বাহাকে বচন দিয়াছিলেন। শ্রীভগবানের প্রদত্ত বচন ধ্রুব ও সত্য হয়।

যৌগিক তাৎপর্য্য — 'স্বাহা' শব্দের অর্থ 'স্ব' অর্থাৎ নিজেকে এবং 'হা' অর্থে আহুতি প্রদান করা। নিজের 'আমি'র মধ্যে আত্মশক্তিই সন্নিবেশিত থাকে। তাই ব্রহ্মার আত্মশক্তিই 'স্বাহা' দেবীর রূপ পরিগ্রহ করিয়া প্রকটিতা হইয়াছিলেন। সকল সত্তার আত্মশক্তিই দেবী মহামায়া রূপা প্রকৃতি শক্তি। আত্মশক্তি বলেই সত্তার অভ্যন্তরে প্রাণযজ্ঞ সম্পন্ন হয় অর্থাৎ প্রাণকে প্রাণের মধ্যে আহুতি দান করাই হইল 'স্বাহা'; প্রাণযজ্ঞের ফলে সত্তার সকল প্রকার মলিনতা ভস্মীভূত হয় এবং দেবভাব জাগ্রত হয়। দেবভাব অন্তরে জাগ্রত হইলে শুদ্ধচৈতন্যের যে সকল অনুভূতি লাভ হয়, তাহাকেই দেবতাদের হবি গ্রহণ বলা হয়। দেবতা জাগ্রত হইয়া প্রসন্ন হইলে পরে তখন সত্তার চেতনা ঈশ্বরত্বের পানে ধাবিত হয়। অতএব স্বাহা হইলেন আত্মশক্তির দাহিকাশক্তি বিশেষ। 'স্বাহা' দেবীর অন্য নাম 'স্বধা'। 'স্বধা' অর্থাৎ যে আত্মশক্তি সত্তার বোধ চেতনাকে ধারণ করিয়া অটলভাবে ধরিয়া রাখে।

(সহায়ক গ্রন্থ ঃ দেবী ভাগবত ও ভাগবত)

রাজস্থানের সুপ্রসিদ্ধা শ্রীশ্রীসতীমায়ের লীলামৃত

(৪)

লোকেদের ভীতিপূর্ণ শ্রদ্ধা — বাপজীর নানান ঘটনার পর হইতে তাঁর প্রতি জনসাধারণের মনে একটা ভীতিপূর্ণ শ্রদ্ধার সঞ্চার হইল। কেহ কেহ বলিতে লাগিলেন উনি জন্ম

হইতেই সিদ্ধ সাধিকা ছিলেন, জন্মের পর হইতেই সমাধি হইত। এইরূপ নানা লোকে নানা কথা প্রচার করিতে লাগিল। তখন লোকেরা বাপজীর বড় ভাই-এর নিকট গিয়া শুনিলেন যে, সে রকম কোন লক্ষণ তাহারা দেখেন নাই, তবে জন্ম হইতেই তিনি আধ্যাত্মিক ভাবাপন্ন ছিলেন। বাপজীর সাধনার ব্যাপারে তাঁহাকে জিজ্ঞাসা করিয়া কোনই উত্তর পাওয়া যাইত না। তিনি এই ব্যাপারেও সম্পূর্ণ মৌন থাকিতেন। পরে নিজ হইতে কখনো কখনো হঠাৎ কিছু বলিয়া ফেলিতেন, তখন কিছু কিছু আভাস পাওয়া যাইত। তবে তিনি যে প্রসিদ্ধ সিদ্ধ সাধক শ্রীগোলাপদাস মহারাজের নিকট দীক্ষা লাভ করিয়াছিলেন, তাহা তাঁহার 'সতী' হইবার পূর্বে বলিয়াই সকলের অনুমান।

সিদ্ধ সাধক শ্রীগোলাপদাস মহারাজ — এই প্রসঙ্গে এই মহান সাধকের বিষয়ে কিছু বলা প্রয়োজন। ইনি শ্রীশ্রীরামানুযাচার্য্যের 'রামশ্রেণী' সম্প্রদায়ের উত্তরসুরী ছিলেন। তাঁর গুরু ছিলেন শ্রীঅমরদাসজী মহারাজ। শ্রীগোলাপদাসজীর পূর্ব জীবনের নাম ছিল গোলাপরাম। তাঁহাকে সংসারে বদ্ধ করিবার জন্য অল্প বয়সেই সঁগাই দেওয়া হইল এবং তাঁহাকে শ্বশুর বাড়ীতে শ্বশুরের সহিত থাকিবারও ব্যবস্থা করা হইল। সেখানে তাঁহাকে মহিষ চরাইবার কার্য্য দেওয়া হয়। এই কার্য্য পালন করিবার সময় তিনি একদিন একটি বাছুরের মাথায় ডাণ্ডা মারিলে সে তখনই মারা যায়। এই ঘটনায় অত্যন্ত অনুতপ্ত হইয়া তিনি কাহাকেও না জানাইয়া পদব্রজে হরিদ্বার চলিয়া যান এবং পাপ-স্খলনের জন্য প্রত্যহ গঙ্গায় স্নান করিতে থাকেন। এই সময়ে তিনি একটি আশ্রমে থাকিতেন এবং প্রত্যহ সৎসঙ্গ করিতেন। তখন তাঁহার মধ্যে আধ্যাত্মিকভাব প্রকটিত হইতে লাগিল। তিনি আবার শ্বশুরবাড়ী ফিরিয়া আসিলেন। তখন তাঁহাকে উট চরাইবার দায়িত্ব দেওয়া হইল তিনি উটদের লইয়া মরুভূমিতে যাইতেন এবং নিভৃতে একটি ছায়ায় বসিয়া ঈশ্বরীয় চিন্তায় মগ্ন হইয়া থাকিতেন। সেই সময় তাঁহার মধ্যে নানারূপ আধ্যাত্মিক প্রশ্নের উদয় হইত। তখন একদিন তিনি কাহাকেও না জানাইয়া গুরুর খোঁজে গৃহত্যাগ করিলেন। কিছুদিন ঘুরিবার পর তিনি যোধপুর জেলায় আসিয়া শ্রীঅমরদাসজী মহারাজের দর্শন লাভ করেন। তিনিই তাঁহাকে দীক্ষাদান করেন। তখন তাঁহার বয়স মাত্র ২০ (কুড়ি) বৎসর। গুরু তখন তাঁহার নাম পরিবর্তন করিয়া নাম দিলেন গোলাপদাস। গোলাপদাস তাঁহার গুরুর নির্দেশ মত সাধন শুরু করিলেন। তিনি কখনো নিজের জন্য আশ্রম নির্মাণ করেন নাই। সমস্ত জীবন পরিব্রাজন করিয়া এবং ভিক্ষা দ্বারা জীবন কাটাইয়াছেন। তিনি বহু লোককে দীক্ষাও দিয়াছেন।

একবার তিনি আলোয়ারে এক গ্রামের শ্মশানের নিকট বৃক্ষতলায় ধ্যানমগ্ন হইয়া বসিয়াছিলেন। সেই সময় বংশীলাল নামে একটি বালকের মৃতদেহ সেখানে আনা হয়। তখন, তাঁহার এক শিষ্য গুরুকে তথায় ধ্যানমগ্ন দেখিতে পাইয়া উচ্চৈঃস্বরে 'রাম-নাম' করিতে করিতে তাঁহার ধ্যান ভঙ্গ করিলেন এবং কাতরভাবে তাহার এই ভ্রাতুস্পুত্রের মৃত্যুর খবর দিলেন তখন গোলাপদাসজী মাহারাজ তাহার সঙ্গে সেই স্থলে যাইয়া কিছুক্ষণ নীরবে রহিলেন, তারপর বলিলেন, ''বালক তো জীবিত-ই আছে। ও তো মরে নাই।'' তখন সকলেই বিস্মিত হইয়া দেখিল বালক জীবিত। তাহারা তখন কৃতজ্ঞতায় তাঁহাকে সাষ্টাঙ্গে প্রণাম করিল। তিনি তখন বলিলেন, ''আজ হইতে এই বালকের উপর তোমাদের কোন অধিকার রহিল না। ও এখন হইতে দরিয়ার মহারাজের হইয়া গেল।'' ভবিষ্যতে এই বালক দরিয়ার মহারাজ রূপে খ্যাত হইয়াছিল।

বাপজীর দীক্ষা — একবার বাপজী তাহার জ্যেঠতুতো বড় ভগিনীর শ্বশুরালয়ে গিয়াছিলেন শ্রীমদ্ভাগবত পারন সপ্তাহ উপলক্ষ্যে। সেই সময় কোন অবসরে তিনি এক বৃক্ষতলে

যাইয়া গোলাপদাসজী মহারাজের সাক্ষাৎ লাভ করিয়াছিলেন। তখন তিনি ইচ্ছা প্রকাশ করেন তাঁহার নিকট দীক্ষা লইবার। এই সম্বন্ধে তাহার নিজের উক্তি নিম্নে দেওয়া হইল —

''আমি আমার বড় বাবার কন্যার শ্বশুর বাড়ী মোরর গ্রামে গিয়াছিলাম যখন তাহারা ভাগবত সপ্তাহ পালন করিতেছিলেন। তখন দেখিতাম সৎসঙ্গ সময়ে একজন সাধু আসিয়া চুপচাপ বসিয়া চক্ষু মুদিয়া ধ্যানমগ্ন হইয়া ভাগবত কথা শুনিতেন এবং পাঠ সমাপ্ত হইলেই নিঃশব্দে সেই স্থান পরিত্যাগ করিয়া দ্রুত চলিয়া যাইতেন। আমার তখন মনে হইত, 'এই সাধু যদি আমাকে উপদেশ দেন তো আমিও এই সংসাররূপী ভবসাগর পার হইতে পারি।' আমি তখন এঁনার বিষয়ে লোকেদের প্রশ্ন করিয়া জানিলাম যে, উনি গ্রামের বাহিরে একান্তে থাকেন এবং রামায়ণ, গীতা পাঠ করেন আর মালা জপ করেন। একদিন আমি ওনার সাক্ষাতে আসিয়া বলিলাম, 'শরণ দেন তো আমিও ভবসাগর পারে যাইতে পারি। (শরণ মেঁ লো তো ম্যায় ভি ভবসাগর পার কর লুঁ)'

তিনি জিজ্ঞাসা করিলেন,'রামনাম জপ করো?'

আমি বলিলাম, 'অল্প-অল্প করি।'

তিনি বলিলেন, 'আমি তোমাকে অধিক জপ করা বলে দেব।' তারপর বলে দিলেন। 'এমনি ভাবে জপ করো'।''

এইভাবে বাপজীর দীক্ষা প্রাপ্তির ঘটনা সম্ভবতঃ তাঁহার সতী হইবার ঘটনার পূর্বেই হইয়াছিল। কারণ ইহার কোন দিন তারিখ কাহারো জানা নাই।

বাপজী যখন গৃহের সংলগ্ন ঘেরা বারান্দায় দরজা বন্ধ করিয়া তপস্যায় মগ্ন থাকিতেন, তখন অনেক উৎসুক লোকেরা তাঁহাকে দেখিতে আসিত। তখন দেখা যাইত সেই বারান্দার ছাতে, ছোট ছোট কাষ্ঠখণ্ডের মধ্যে একটি বিষধর সর্প বিরাজ করিত। বেশী লোকজন আসিলে কুণ্ডলী পাকাইয়া সম্মুখের দিকে আসিয়া বসিয়া থাকিত। তখন ভীত হইয়া লোকেরা চিৎকার করিলে বাপজী বলিতেন, ''ভয়ের কোন কারণ নাই, ও কাহারো ক্ষতি করিবে না।'' তথাপি লোকেরা ভয়ে বেশী আসিত না।

এইভাবে নিভৃতে তাঁহার গভীর সাধনা চলিতে লাগিল। লোকেরা লক্ষ্য করিত বাপজীর ঘর হইতে অতি উজ্জ্বল তেজোরাশি নির্গত হইত। কখনো তাহা ছাতের উপরেও দেখা যাইত। এই দৃশ্য কাকিসা, মানসিংহের স্ত্রী এবং গৌরী বাইসাও প্রত্যক্ষ করিয়াছিলেন। এই প্রসঙ্গে প্রশ্ন করিলে বাপজী বলিতেন, ''জলের তরঙ্গের মত ঠাণ্ডা অগ্নির তরঙ্গ আমাকে উপর, নীচ এবং চারিধারে ঘিরিয়া থাকে। কখনো মনে হয়, আমার বসিবার স্থানের নীচের জমিতেও জলের তরঙ্গের ন্যায় অগ্নির তরঙ্গ বহিতেছে।''

বাপজী বলিতেন, ''আমার প্রথম গুরু ছিলেন আমার বড়বাবা অর্থাৎ জ্যোঠামশায়, শ্রীচন্দ্র সিংহজী, যিনি সর্বদা ধর্মকথা শুনাইতেন এবং কখনো আধ্যাত্মিক প্রশ্নাবলী করিলে তিনি তাহার সদুত্তর দানে তৃপ্ত করিতেন। বাপজী সেই (ওরি) অর্থাৎ ঘেরা বারান্দায় জীবনযাপন করিবার সময় তাঁহার দিনচর্চা ছিল নিম্নরূপ —

অতি প্রত্যুষে উঠিয়া বালাগ্রাম হইতে ২০ কি.মি. দূরে বিলাড়া গ্রামে যাইয়া বান-গঙ্গায় স্নান করিতেন। এই গঙ্গার সম্বন্ধে কথিত আছে যে, রাজা বলি যখন এই স্থানে যজ্ঞ করিতেছিলেন, তখন বহুলোকের সমাবেশ হওয়ায় জলের খুব অভাব দেখা দিল। তখন তিনি বান মারিয়া তথায় জলের ধারা আনিলেন। সেই হইতে এই জলধারাকে বান-গঙ্গা বলা হয়। বাপজী গঙ্গায় স্নান সারিয়া সূর্য্যদয়ের পূর্বেই গৃহে ফিরিয়া আসিতেন। কিছুদিন পরে শিবমন্দির নির্মাণ হইলে তিনি গঙ্গা হইতে এক ঘড়া জল নিয়া আসিতেন এবং তাহা দ্বারা শিবকে স্নান করাইতেন।

বাপজীর এত পরিশ্রম হয় দেখিয়া কাকিসা তাঁহাকে বুঝাইলেন যে, বান-গঙ্গার জল বৃদ্ধি পাইয়া লুনী নদীতে আসিয়া মিশিয়াছে। আর লুনী নদীর জল বালা গ্রামেও আসিতেছে। তখন বাপজী কিছুদিন বান-গঙ্গায় স্নান করা বন্ধ রাখিলেন।

বাপজীর শ্বেতবস্ত্র পরিধান — রাজস্থানের নিয়ম অনুযায়ী বিধবাদের হাল্কা নীল বস্ত্রের কুর্ত্তি, কাঁচুলী ও লুঘ্ড়ী পরধিান করিতে হইত। বাপজী এতাবৎ হাল্কা নীল রঙের পোষাকই ব্যবহার করিতেন। ইদানীং তাঁহার শ্বেত বস্ত্র পরিধান করিবার ইচ্ছা হইল। তাহা তিনি কাকিসাকে জানাইলেন। কাকিসা তাঁহার উচ্চ আধ্যাত্মিক ভাবধারা লক্ষ্য করিয়া মনে মনে তাঁহাকে শ্রদ্ধা করিতেন। তাই তিনি তাঁহার সেই ইচ্ছা পূর্ণ করিয়া শ্বেত বস্ত্রের ব্যবস্থা করিয়া দিলেন। তখন হইতে বাপজী কাকিসার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেন এবং ভবিষ্যতেও এই শ্রদ্ধার ভাব তিনি পোষণ করিয়া গিয়াছেন।

...ক্রমশঃ

—মাতৃচরণাশ্রিতা শ্রীমতী বীণা চৌধুরী

শ্রীশ্রীমায়ের প্রথম বদ্রীনাথধাম ভ্রমণ কথা

(৩)

তীর্থযাত্রী থেকে আরম্ভ করে প্রায় সকল মানুষজন বলে থাকেন হিমালয়ের প্রবেশদ্বার বা স্বর্গদ্বার হচ্ছে হরিদ্বার। মনোহরণকারী প্রাকৃতিক ঐশ্বর্যের অধিকারী হয়ে বাঁদিকে প্রবাহিত বেগবতী গঙ্গার কিছু দূরেই দাঁড়িয়ে রয়েছে মনসা পাহাড় এবং ডান দিকে আদি গঙ্গার উপর তৈরী করা পথ ধরে গেলে পড়বে চণ্ডী পাহাড়। দুই পাহাড়ের মাথায় রয়েছে দুই দেবীর দুইটি প্রাচীন মন্দির। সাধু-সন্ত থেকে তীর্থযাত্রীগণ দেবীদর্শন ও পূজা-পাঠের উদ্দেশ্যে সেখানে যাতায়াত করে থাকেন। শোনা যায় সেই দুই পাহাড়ে কিছু কিছু সাধু-সন্তগণের গুহা ও আশ্রম রয়েছে। আমাদের গাড়ী তখন ছুটে চলেছিল ভৃগু আশ্রমের দিকে ব্রহ্মজ্যোতি মায়ের দর্শনের উদ্দেশ্যে।



শ্রীশ্রীমা ও শ্রীব্রহ্মজ্যোতি মা

শ্রীশ্রীমায়ের ক্রিয়াহ্নিক শিষ্য ও আমাদের গুরুভাই মনীষানন্দজী, সকালে হরিদাসধামে এসে গুরুমার সঙ্গে দেখা করে, তাঁর সন্ন্যাসগুরু ব্রহ্মজ্যোতি মায়ের নিকট যাবার ও সেখানে শ্রীশ্রীমায়ের জন্য সকল রকমের ব্যবস্থা প্রস্তুত করে রেখেছিলেন। তাঁর (ব্রহ্মজ্যোতিমা) সেই সংবাদ জানিয়ে মনীষানন্দজী শ্রীশ্রীমাকে আমন্ত্রণ জানিয়ে যান। পাহাড়ী পরিবেশের অপরূপ সৌন্দর্য্যায়ন ও রাজা ভগীরথের তপোবলের দ্বারা হিমালয় হতে আনয়ন করা ভাগীরথী নদীর জলক্রীড়া এবং পথের দুই ধারে ঘর, বাড়ী, মঠ-মন্দির, আশ্রম দেখতে দেখতে আমরা পৌঁছে যাই ভৃগু আশ্রমে। গেটের সামনে দাঁড়িয়ে থাকা গুরুভাই মনীষানন্দজী সম্বর্ধনা জানিয়ে শ্রীশ্রীমাকে আশ্রমের ভিতর নিয়ে গিয়ে তাঁর জন্য সাজিয়ে রাখা আসনে বসান। সেই আশ্রমের মূল কর্ণধার ও গুরুমাতা ব্রহ্মজ্যোতিমা আগে থেকেই সামনে একটি টেবিল সহযোগে তাঁর আসনে বসেছিলেন, শ্রীশ্রীমায়ের আসনের কিছুটা পাশেই। তাঁর পায়ের কিছুটা অসুবিধা থাকার ফলে চলাফেরায় স্বাভাবিকতার অভাবের কথা তাঁর শিষ্যের (মনীষানন্দজীর) মুখে আমরা আগেই শুনেছিলাম। আমরা সকলে তাঁকে প্রণাম জানিয়ে শ্রীশ্রীমায়ের পায়ের কাছে বসেছিলাম। যেখানে শ্রীশ্রীমায়ের ও আমাদের বসার জায়গা করা হয়েছিল সেটি আশ্রমের ঠাকুরঘর সমেত নাট-মন্দিরের মতন স্থান। যেন দেখে মনে হবে, তেত্রিশকোটি দেব-দেবীগণ বর্তমানে সেই ঠাকুর ঘরেই আটক হয়ে রয়েছেন, দেবদেবীদের স্থানটি রেলিং দিয়ে ঘেরা, তবে প্রবেশের একটা পথও রাখা আছে যাতে পুরোহিত মহাশয়ের কোনরূপ অসুবিধা না হয়। শ্রীশ্রীমা ব্রহ্মজ্যোতি মায়ের কাছে গিয়ে যখন বসলেন তখন শ্রীশ্রীমায়ের দিকে অপলক শান্ত সৌম্য দৃষ্টিতে চেয়ে ব্রহ্মজ্যোতি মা বললেন, ''তুম্ তো জগদম্বা কে স্বরূপ হো'' সেখানে শ্রীশ্রীমাকে পূজা ও আরতির পর তাঁর সাথে প্রথম আলাপেই তাঁকে (ব্রহ্মজ্যোতিমাকে) হিন্দীতে শ্রীশ্রীমা বলেন যে, ''আমার তো বয়স মা তোমার চেয়ে অনেক কম, তাই তোমার কাছে কিছু শিখতে এসেছি। বেড়াতেও আসা হবে আর কিছু শেখাও হবে তাই চলে এলাম তোমার কাছে। আমি মনীষানন্দকে একবার বলেছিলাম যে, তোমার সন্ন্যাস গুরুমা তো অনেক বছর ধরে অনেক সাধনা করেছেন, সেইজন্য আমি গিয়ে তাঁর নিকট হতে কিছু সাধনা শিখে আসব।'' এই কথার পরিপ্রেক্ষিতে ব্রহ্মজ্যোতি মা শ্রীশ্রীমাকে বললেন, ''তুম্ তো সাক্ষাৎ জগদম্বাকে স্বরূপ হো, তুমকো ম্যাঁয় ক্যা সিখাউঙ্গী?'' শ্রীশ্রীমা বললেন, ''তুম্ তো ব্রহ্মজ্যোতি হো, ইসীলিয়ে তুমসে ম্যাঁয় ব্রহ্মজ্যোতি চুরানে কে লিয়ে আয়ী হুঁ।'' শ্রীশ্রীমায়ের এই ধরণের আলাপের কথা শুনে তিনি হাসতে থাকেন। আমাদের সকলের পরিচয় গ্রহণ, শ্রীশ্রীমায়ের আধ্যাত্মিক জীবনের কিছু মূল্যবান কথা, আমাদের পরমপূজ্য গুরুদেব শ্রীশ্রীবাবার সাধন জীবন, শ্রীশ্রীমায়ের সঙ্গে শ্রীশ্রীবাবার সাক্ষাৎকার, যোগদীক্ষা প্রাপ্তি, বিবাহ, সাধনজীবন, নির্বিকল্পসমাধি অবস্থালাভ, সদ্‌গুরু পদে উপনীত হওয়া, প্রায় সকল কিছুই অল্পবিস্তর আলোচনা সৎসঙ্গের মাধ্যমে সেখানে হয়েছিল। শ্রীশ্রীমা আমাদের আশ্রমের ত্রৈমাসিক মুখপত্রের তিনটি সংখ্যা তাঁর হাতে তুলে দেন।

এরপর ব্রহ্মজ্যোতিমা তাঁর আধ্যাত্মিক জীবনের কিছু কথা, গুরুকরণ ও সন্ন্যাস গ্রহণ, সাধন জীবন ও গুরুর নির্দেশ মতন গুরুস্থানে উপনীত হয়ে দীক্ষাদান শুরু, আশ্রম প্রতিষ্ঠা ইত্যাদি জীবনপঞ্জী দ্বারা সৎসঙ্গের মাধ্যমে শ্রীশ্রীমাকে আমাদের

সকলের উপস্থিতিতে বলতে থাকেন। তাঁর গুরুদেব ছিলেন হিমালয়ের এক উচ্চ মহাত্মা। তাঁকে সকলে শ্রীঅবধূত ওম্ বাবা বলেই জানতেন। অবধূত ওম্জীর নিকট ব্রহ্মজ্যোতি মা ক্রিয়াযোগ সাধনা প্রাপ্ত হন। তিনি তাঁর গুরুদেবের ছবিখানি সুন্দরভাবে বাঁধিয়ে অতি যত্ন সহকারে ঠাকুরঘরের আসনে বসিয়ে রেখেছেন তাও আমাদের চোখে পড়েছিল। সেখানে আমরা আরও দেখতে পেয়েছিলাম যে, মন্দিরের মধ্যে যে দেব-দেবীগণের পূজিত মূর্তি রয়েছে তা হল শ্রীঅষ্টভূজা মাতা, শ্রীসরস্বতী মাতা, গায়ত্রী মাতা, ভবানী মাতা, সন্তোষী মাতা, অনন্তশয্যায় শ্রীনারায়ণ ও তাঁর শ্রীচরণ সেবায় উপবিষ্টা শ্রীলক্ষ্মীমাতা, শ্রীশ্রীরাধাকৃষ্ণ, শ্রীরাম-সীতা ও লক্ষ্মণ এবং তাঁদের শ্রীচরণে উপবিষ্ট বীর হনুমানজী, শ্রীগণেশজী ও ঋদ্ধি-সিদ্ধি, কার্তিকদেব, ব্রহ্মাজী, দত্তাত্রেয় ঋষি ও আসনে রয়েছেন তিনটি গোপালজী। এছাড়া আশ্রমে রয়েছে ছোটদের লেখাপড়ার স্কুল, বড় গোশালা, ফুলের বাগান ইত্যাদি। যতটুকু জানতে পেরেছিলাম, ব্রহ্মজ্যোতি মায়ের বয়স প্রায় ৮২/৮৩ বছরের মতন কিন্তু, তাঁর চেহারায় সাধনার উজ্জ্বল ছাপ থাকার ফলে প্রথম অবস্থায় দেখে বয়সের অনুমান করা বড়ই মুশকিল। তাঁর চোখের দৃষ্টি ও স্মিত হাস্য মুখে কথা বলার অভ্যাস থাকলেও তীক্ষ্ণবুদ্ধি সম্পন্না মাতাজীর প্রতিষ্ঠান পরিচালনা করার যে সুদৃঢ় ক্ষমতা এখনও ভালোই রয়েছে, তা সেই অল্পক্ষণের মধ্যেই তাঁর ভাব-ভঙ্গির মাধ্যমে আমরা লক্ষ্য করেছিলাম। ব্রহ্মজ্যোতি মায়ের হরিদ্বারের আশ্রম ছাড়াও আরও দুটি আশ্রম রয়েছে, একটি উত্তরকাশীতে, যেখানে মনীষানন্দজী প্রায় সারা বছরই থাকেন। অপরটি রয়েছে হিমাচল প্রদেশে, তিনি এখনও প্রত্যেকটি আশ্রমে যাতায়াত করে থাকেন তাও জানতে পারি। শ্রীশ্রীমায়ের নিকট হতে শ্রীবদ্রীনাথধামে যাবার কথা শুনে তিনি আমাদের সকলকে চকলেট ও দীর্ঘপথের যাত্রার জন্যে কিছু শুকনো খাবার হাতে দিয়েছিলেন। শ্রীশ্রীমা ও আমরা সকলে তাঁর ব্যবস্থা করে রাখা কফি, বিস্কুট, ফল ও মিষ্টি দ্বারা সেবা গ্রহণ করে সকলের সাথে আলাপ ও প্রণাম আদান প্রদান করে ও বিদায়ের অনুমতি চেয়ে বাইরে এসে গাড়ীতে বসি।

শ্রীশ্রীমা ও স্বামী সেবানন্দজী

আমাদের পরবর্তী গন্তব্য ছিল প্রাচীন ঋষিদের তপোস্থলী হৃষীকেশধামের পরমহংস স্বামী শিবানন্দ বাবার আশ্রম। পাহাড়ীক্ষেত্রের বনভূমির পথ ধরে গাড়ী ছুটতে থাকে আমাদের। মাতৃসঙ্গে এগিয়ে চলেছিলাম আমরা স্বর্গরাজ্য হিমালয় যাত্রার মূল পথ ধরে তারই পাদদেশ হৃষীকেশের গঙ্গার তীরে অবস্থিত কয়েকটি আশ্রমে উপস্থিতির উদ্দেশ্যে। শহরতলীর জনকোলাহল ও যানবাহনের বিরক্তিকর আওয়াজ এবং যান-জট থেকে কিছুটা মুক্তি পেয়ে, পর্বতগিরি অঞ্চলের নির্মল প্রকৃতির আবহাওয়ায় মিশে যেতেই, এক নৈসর্গিক আনন্দের অনুভূতি পেতে থাকি। যাত্রা পথের দুরত্ব বেশী ছিল না তাই, অল্পক্ষণের মধ্যেই চলে আসি যোগী মহাপুরুষ শিবানন্দবাবার 'ডিভাইন লাইফ সোসাইটি' আশ্রমের ভিতর। শ্রীশ্রীমায়ের নির্দেশ মতন একস্থানে গাড়ী দাঁড় করিয়ে তাঁদের প্রকাশিত পুস্তক বিক্রয় কেন্দ্রে গিয়ে, কিছু পুস্তক ক্রয় করে গুরুভাই বরুণ দত্ত ও আমরা দুই সন্ন্যাসী স্বামী-শিবানন্দ বাবার সমাধি মন্দির ও সেই আশ্রমখানির কিছুটা অংশ ঘুরে দেখে ফিরে আসি মায়ের কাছে। আশ্রমটি একটি বিশাল বড় পাহাড়ে অবস্থিত ও বিভিন্ন গাছ-গাছালীর দ্বারা আবৃত, অতি সৌন্দর্য্যময় ও শান্ত পরিবেশখানি, তা সত্যই সাধনোপযোগী স্থান সেই পাহাড়ীক্ষেত্রে। তারপর গাড়ী সহযোগে আমরা সকলে রওনা দিই স্বামী সেবানন্দ বাবার সেই আশ্রমের সাধন ও বাসগৃহে। তিনি সেই আশ্রমে প্রায় আট (৮) বছর যাবৎ আছেন, তাঁর সাধনা ও আশ্রমের সেবা এবং কর্ম নিয়ে। স্বামী সেবানন্দজী আমাদের আশ্রমে শ্রীশ্রীমায়ের নিকট এসেছিলেন স্বানুভবদেব শ্রীশ্রীবাবা ঠাকুরের সঙ্গে একবার। তাই তিনি তাঁদের আশ্রমে শ্রীশ্রীমায়ের উপস্থিতির কথা শুনে, তাড়াতাড়ি উপর থেকে নেমে এসে মাকে প্রণাম সহযোগে আন্তরিকভাবে সম্বর্ধনা জানিয়ে উপরে নিয়ে গিয়ে চেয়ারে বসান। তারপর চলতে থাকে সৎ-সঙ্গের মাধ্যমে বিভিন্ন আধ্যাত্মিক প্রসঙ্গের কথা, প্রশ্ন-উত্তর, আমাদের সকলের পরিচয় ও সন্ন্যাস গ্রহণের কথা। আমাদের আশ্রমের শ্রীশ্রীঅন্নপূর্ণা ক্ষেত্রের কথা, শ্রীশ্রীবদ্রীনাথধামে যাওয়ার উদ্দেশ্যও শ্রীশ্রীমায়ের নিকট হতে তিনি শোনেন। তিনি আমাদের সকলকে যত্নসহকারে চা, বিস্কুট, ড্রাই ফ্রুট্স খওয়ান, কিছু আধ্যাত্মিক পুস্তক দেন আমাদের হাতে এবং তাঁর ঘরে সুন্দরভাবে সাজানো আদি শঙ্করাচার্য্যের মূর্তিটি দেখে শ্রীশ্রীমা ও আমাদের খুব পছন্দ

হয়েছিল, তা তাঁকে জানালে তিনি সেই মূর্তিটি আসার সময় মায়ের হাতে তুলে দেন একটি ভালো প্যাকিং ব্যাগের মাধ্যমে। শঙ্করাচর্য্যের বিগ্রহটি পেয়ে শ্রীশ্রীমায়ের কী ভীষণ আনন্দ! তাঁর বহুদিনের সখ ছিল যে, ঐ রকম একটি মূর্তি পান। স্বামী সেবানন্দজীও শ্রীশ্রীমাকে বিগ্রহটি দিতে পেরে খুব প্রসন্ন হৃদয়ে অবস্থান করছিলেন। বদ্রীনাথ যাত্রায় শঙ্করাচার্য্যের বিগ্রহটি শ্রীশ্রীমায়ের কোলে সব সময় ছিল। শ্রীশ্রীমাও আমাদের আশ্রমের ত্রৈমাসিক মুখপত্র তাঁকে পড়তে দিয়েছিলেন। সেখান থেকে রওনা হবার সময় তিনি আমাদের সাথে সিঁড়ি দিয়ে নেমে গাড়ীর কাছে গিয়ে শ্রীশ্রীমাকে বদ্রীনাথধাম যাত্রা থেকে ফিরে এসে, তাঁদের আশ্রমে থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। আমরা সকলে ওনাকে প্রণাম জানিয়ে ও প্রস্থানের অনুমতি চেয়ে চলে আসি সাচ্চাবাবার হৃষীকেশের আশ্রমের দিকে।

...ক্রমশঃ

—মাতৃচরণাশ্রিত স্বামী সংবেদানন্দজী

গীতা ভাবনা

(২৮)

ধর্মের ক্ষেত্রে নিজের আধারটাই বড় কথা। সব ধর্মই মানুষকে ঊর্ধ্বগামী করার চেষ্টা করেছে এবং সেজন্য নানা বিধিবিধানও দিয়েছে। কিন্তু ভগবৎদর্শনের জন্য চিত্ত শুদ্ধি না ঘটালে অবান্তর বিবাদ বাড়বে। পরের সমালোচনার আগে আত্মসমালোচনার প্রয়োজন। স্বামীজি উদাহরণে বলেছেন —

''মনে করুন, আমরা সকলেই পাত্র লইয়া একটি জলাশয় হইতে জল আনিতে গেলাম। কাহারও হাতে বাটি, কাহারও কলসী, কাহারও বা বালতি ইত্যাদি এবং আমরা নিজ নিজ পাত্রাদি ভরিয়া লইলাম। তখন বিভিন্ন পাত্রের জল স্বভাবতই আমাদের নিজ নিজ পাত্রের আকার ধারণ করিবে। ....কিন্তু প্রত্যেক পাত্রেই জল ব্যতীত অন্য কিছু নাই। ধর্ম সম্বন্ধেও ঠিক একই কথা।'' (রচনাবলী ৩য় খণ্ড ১৫৮ পৃঃ)

এই তত্ত্বটা বেদের ''একং যদ্বিপ্রা বহুধা বদন্তি'' (ঋগ্বেদ ১/১৬৪/৪৬) প্রভৃতি মন্ত্রে যেমন পাওয়া যায়, তেমনি গীতার ''যে যথা মাং প্রপদ্যন্তে''(৪/১১) ইত্যাদি শ্লোকে, পঞ্চদশীতে, শ্রীরামকৃষ্ণের বাণীতেও পাওয়া যায়। বিবেকানন্দ নবযুগের প্রেক্ষাপটে সেই পুরাতন ঐক্যবাণীকেই শুনিয়েছেন। স্বামীজির বিভিন্ন বক্তৃতায় এই সমন্বয়ের কথা নানাভাবে বলা হয়েছে। আজকে একদল লোক মনে প্রাণে চাইলেও অপর সংস্কৃতি ও ধর্মকে মূল থেকে উচ্ছেদ করতে পারে না। শুধু অপরের ভালগুলির সঙ্গে নিজের ভালর সমন্বয় করতে পারা যায়। এটাই বিবেকানন্দের পথ।

আপাতভাবে বিবেকানন্দকে কর্মবীর, ধ্যানগম্ভীর বলে মনে হলেও তাঁর মধ্যে একটা রসিক মনও লুকিয়েছিল। বিভিন্ন বক্তৃতায় তাঁর সরস মন্তব্যগুলি এর প্রমাণ। পাশ্চাত্যের সংবাদপত্রাদি ভারতের বেদ বেদান্তের কথা, তার মহত্তর দিকগুলির কথা সেভাবে প্রচার না করলেও এখানকার নরবলি, ভ্রূণহত্যা, প্রভৃতি সংস্কারগুলিকে ফলাওভাবে প্রচার করত। ফলে ভারতীয়দের সম্বন্ধে পাশ্চাত্য মানসে একটা ঘৃণার ভাব গড়ে উঠেছিল। স্বামীজি যখন বিদেশে সনাতন ধর্মের প্রচার করছেন তখন সেই সব ভাবের মোকাবিলা করতে হয়েছে তাঁকে। একবার এক মহিলা তাঁকে প্রশ্ন করলেন — ''ভারতে নাকি কন্যা সন্তান জন্মালেই তাকে কুমীর দিয়ে খাওয়ান হয়?'' স্বামীজি বক্তার মুখের দিকে চেয়ে তাঁর বিশ্বাসের তীব্রতাকে বুঝে নিয়ে বললেন —''ঠিক বলেছেন ম্যাডাম! তাইতো আমরা ভারতের পুরুষ গর্ভধারণের দায়িত্ব নিয়েছি।'' এক কথাতেই ভ্রান্তি নিরাশ।

ইং ২০১৩ বছরটি এই মহাপুরুষের সার্ধশততম বর্ষ হিসাবে সমগ্র ভারতে উদ্‌যাপিত হয়েছে। বিশ্বকবি রবীন্দ্রনাথের জন্মোৎসবে আমরা সবাই মেতেছি এবং এই উপলক্ষ্যে তাঁর সৃষ্টির বিভিন্ন দিক নিয়ে অনেক রচনা আলোচনা প্রকাশিত হয়েছে। বিবেকানন্দের চিন্তনের নানা দিককে ভারতীয় প্রেক্ষাপটে এই যুগে নতুন করে ভাববার সুযোগ এসেছে। সংঘবদ্ধ ধর্ম মণ্ডলী বা চার্চ খ্রিষ্টধর্মকে সর্বত্র প্রসারিত করেছিল কিন্তু সনাতন ধর্মের এরূপ কোনও প্রতিষ্ঠান না থাকায় সে ব্যাপ্তি পায়নি। তেমনি শুধু রামকৃষ্ণ মিশন বা মঠের উপরে এই মাহাত্মার অনুধ্যানের বগ্গা দিয়ে বসে থাকলে চলবে না, জাতীয় সংহতির কারণেই সকলকে স্বামীজিকে নিয়ে ভাবতে হবে। বেদের মাভৈঃ মন্ত্রের তিনিই তো নতুন স্মরণকর্তা।

...ক্রমশঃ

— অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

শ্রীনিগমাত্মানন্দজীর আশ্রমে শ্রীশ্রীমা

(ইং ০১/০৯/২০১৩)

ইং ২০১৩ সালের ১লা সেপ্টেম্বর শ্রীশ্রীমা কয়েকজন ভক্তদের নিয়ে 'নিগমাত্মানন্দ' নামে এক সাধু মহাত্মার সঙ্গে দেখা করার জন্য কামারকুণ্ডু যাত্রা করলেন। দুর্গাপুর এক্সপ্রেস রোড দিয়ে গিয়ে কামারকুণ্ডু স্টেশন পার হয়ে এগোতে এগোতে ক্রমশঃ চওড়া রাস্তা সরু হতে হতে ধানক্ষেতের জমির মধ্যে দিয়ে শ্মশানের মধ্যে গাড়ী ঢুকে গেল। মোটর-সাইকেল করে দুটি ছেলে গাড়ীর আগে আগে নিগমাত্মানন্দজীর আশ্রম অবধি পথ দেখিয়েছিলেন। দুপাশে জলভরা ধানজমির মধ্যে দুর্গম সরু রাস্তা দিয়ে যেতে যেতে শ্রীশ্রীবাবা মাকে জানিয়ে দেন যে এইখানেই এই সাধক জন্মেছেন ও বড় হয়েছেন।

শ্রীশ্রীমা ও শ্রীনিগমাত্মানন্দজী

আশ্রমে পৌঁছে শ্রীশ্রীমা বয়স্ক সাধুবাবাকে দর্শন করা মাত্র তাঁর অন্তরে শ্রীশ্রীবাবা আরও জানান যে এই সাধকের অনেক তপস্যা আছে। তিনি শ্রীশ্রীবাবাকে দর্শন করতে বাক্‌সাড়াতে গিয়েছিলেন। পরে নিগমাত্মানন্দজীও কথাবার্তার মধ্যে শ্রীশ্রীমাকে জানান যে তিনি বাক্‌সাড়ার লাহিড়ীবাবাকে (শ্রীশ্রীবাবাকে) দর্শন করেছেন। শ্রীশ্রীবাবার সঙ্গে তাঁর বেশী কথাবার্তা হয় নি। তাঁকে দর্শন করে প্রসাদ গ্রহণ করে তিনি বাড়ী ফিরে আসেন। আমাদের গুরুভ্রাতা বরুণদা (ডাঃ বরুণ দত্ত) জিজ্ঞাসা করায়, শ্রীশ্রীমায়ের সাক্ষাতে নিগমাত্মানন্দজী জানান যে তিনি তন্ত্র সাধনা করেছেন মোট ১৬ বছর। তার মধ্যে কামারকুণ্ডুতে পঞ্চমুণ্ডীর আসনে তিনি সাধনা করেছেন ৯ বছর আর বাকি সাত বছর তিনি বেহালা, গড়াগাছা নামক একটি জায়গায় নবম তারা পুরীর আসনে সাধনা করেছেন।

শ্মশানের মধ্যে তাঁর ঘরের অদূরেই একটি পঞ্চমুণ্ডীর আসন যেটা তিনি নিজে তৈরী করেছেন গুরুর নির্দেশে। সাধুবাবা বললেন, ''সবই তো গুরু কৃপা, গুরু পরম্পরা।''

নিগমাত্মানন্দজী তাঁর স্কুল জীবন থেকেই ক্রিয়াযোগ শিক্ষা করেছেন স্বামী পূর্ণানন্দ তীর্থের কাছে। বহুদিন তিনি তা সাধন করেন। যোগশিক্ষা হয়ে গেলে পরে তিনি আসেন তাঁর সদ্‌গুরু স্বামী নিগমানন্দপুরীর কাছে, যিনি শ্রীশ্রীসারদা মায়ের দীক্ষিত সন্তান, বেলুড় মঠে তিনি মহেশ মহারাজ নামে পরিচিত ছিলেন। এরপর সাধুবাবা জানালেন যে তাঁর সদ্‌গুরু স্বামী নিগমানন্দপুরী অনেক তপস্যা করেছেন। ছোট বেলায় স্বামী নিগমানন্দের পোলিও হওয়ায় তাঁর পা খোঁড়া ছিল এবং কথাও তিনি ঠিক মতন বলতে পারতেন না। ঠাকুরের পার্ষদ স্বামী নিরঞ্জনানন্দ গয়াতে তপস্যা করেছিলেন। সেইখানে স্বামী নিগমানন্দ গিয়ে পঙ্গু হয়ে যান। তখন সেখানে লোকেরা বলেছিলেন, রাজগীর চলে গিয়ে সেখানে কুণ্ডতে স্নান করলে তিনি ভাল হয়ে যাবেন। তখন স্বামী নিগমানন্দপুরী রাজগীর চলে যান। পরে তিনি সুস্থ হয়ে গিয়েছিলেন এবং এমন দ্রুত হাঁটতে পারতেন যে নিগমাত্মানন্দজীর ২২ বছর হওয়া সত্ত্বেও তিনি যখন রাজগীরে দুর্গাপূজা করতে গিয়েছেন তখন তাঁর সদ্‌গুরুর হাঁটার সাথে তাল রাখতে গিয়ে তাঁকে দৌড়তে হয়েছিল। স্বামী নিগমানন্দপুরী এই সাধুবাবাকে নিজে থেকে বীজমন্ত্র দান করে দীক্ষা দিতে চাইলে নিগমাত্মানন্দজী বলেছিলেন,''আপনি যদি মনে করেন, দিন।'' ইং ১৯৫৮ সালের ৪ঠা জানুয়ারী তিনি স্বামী নিগমানন্দপুরীর কাছে দীক্ষা প্রাপ্ত হন। সেই থেকে শুরু হয়েছিল তাঁর সদ্‌গুরুর সাথে পথ চলা। সেখানে আলমারী থেকে বই পড়ে জানতে পারেন যে স্বামী নিগমানন্দপুরীর তান্ত্রিক গুরু, যোগী গুরুর সব বই আছে। সেই দিনই তিনি পড়াশোনা করে বিকেলে গিয়ে স্বামী নিগমানন্দপুরীর কাছে তন্ত্রবিদ্যা শেখার আগ্রহ প্রকাশ করেন। তখন স্বামী নিগমানন্দ সেই বিদ্যা দান করতে নারাজ হন কারণ সেটি নেওয়ার আগে মা-বাবার অনুমতি দরকার হয়। সেই কঠোর বিষয়বস্তু শেখার আগে সংসার ছেড়ে গুরুগৃহে চলে আসতে হয়। এরপর সদ্‌গুরুর কথা মান্য করে নিগমাত্মানন্দজী গৃহে ফিরে এলেন, পিতা-মাতার অনুমতি চাইতে। তাঁর পিতাও সাধন-ভজন করতেন। আদ্যাপীঠ ও গৌড়ীয় মঠে যাতায়াত করতেন। তখন নিগমাত্মানন্দজীর বাবা তাঁকে অনুমতি দেননি, তবে আশীর্বাদ করেছিলেন এই বলে যে, ''তুই একদিন সব শিখে যাবি। ধৈর্য্য ধরে থাক, আর যেটুকু শিখেছিস, সেইটুকু ভালো করে অনুশীলন কর।'' এই করতে করতে কিছুদিন বাদে তাঁর বাবা বারাণসীতে সলিল সমাধি লাভ করার ইচ্ছা প্রকাশ করেন ও পরে বারাণসীতে দেহ রাখেন। নিগমাত্মানন্দজীর সাধনা করার ইচ্ছে ক্রমশঃ

বাড়তে লাগল। একটা ক্রোধ উঠলো তাঁর মনে — কে তাঁকে নিরসন করবে? নিগমাত্মানন্দজীর মা বলেছিলেন তাঁকে - ''কদমতলায় বাজায় বাঁশী, সেই তো আমার এলোকেশী।'' তবে তাঁর মা প্রণালীটা জানতেন না, কিন্তু আধ্যাত্মিক পথে সাহায্য করেছেন।

কিছুদিন বাদে শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ীবাবা বিদেহী অবস্থায় একদিন আবির্ভূত হয়ে নিগমাত্মানন্দজীকে কিছু কৃপা করলেন। সেই পথ ধরে চলতে চলতে তিনি একদিন নবমতারা পুরীর সন্ধান পেলেন তাঁর এক মাস্টার মশাইয়ের কাছ থেকে। লম্বা হল-ঘরে নবমতারা পুরী বসেছিলেন আসনের উপরে। যেই নিগমাত্মানন্দজী সেই ঘরে পদার্পণ করলেন চৌকাঠের উপরে, অমনি নবমতারা পুরী বলে উঠেছিলেন, ''ওইরে! এসে পড়েছে।'' তখন নবমতারা পুরীর সাথে যারা বসেছিল, তাদের তিনি বললেন — ''সেই তোদের বলেছিলাম বগলা পুজোর সময় যে তোরা এগার জন প্রতীক্ষা করছিস্, আমার বারোজন শিষ্য অভিষিক্ত হবে, — ওই ছেলেটা!'' নিগমাত্মানন্দজী নবমতারা পুরীকে প্রণাম করে সেখানে বসলেন। তারপর থেকেই তাঁর শেখা শুরু হল। নবমতারা পুরীর জীবৎকালে সাত বছর নিগমাত্মানন্দজী সাধনা করেছিলেন। তারপর তিনি যা দিয়ে গেছেন, সেটা অভ্যাস করেছেন। মোট ষোলো বছর তিনি কালী, তারা, ষোড়শী, বগলা মায়ের সাধনা করেন। তাঁর গুরু তাঁকে বলেছিলেন যে,''রোজ প্রার্থনা করবি, জপ ছাড়বি না। 'তারা'কে ভালো করে ধরবি। দেখবি 'তারা' সব যোগাড় করে দেবে।''

নিগমাত্মানন্দজী প্রায় প্রত্যেক শ্মশানেই ঘুরেছেন। তিনি দশমহাবিদ্যার মধ্যে তিনটি মহাবিদ্যা, (কালী, তারা, ষোড়শী) সাধনা সব শ্মশানে শ্মশানে ঘুরেই করেছেন। তারপর পঞ্চমুণ্ডীর আসন প্রতিষ্ঠা করার আগে গুরুর সাক্ষাতে পঞ্চতপা যজ্ঞ করেছেন। তাঁর গুরু আসনে এসে আহুতি দিয়ে তাঁকে জড়িয়ে ধরে আশীর্বাদ করে গেছেন। ওনার তান্ত্রিক গুরুর খুব আনন্দ হয়েছিল। তাঁর গুরু তাঁকে কৃপা করে বলে গিয়েছিলেন যে, ''তুই শেষ পর্য্যন্ত যাবি।''

নিগমাত্মানন্দজী জানালেন যে সাত বছর আগে তাঁর stroke (cerebral thrombosis) হওয়ায় তিনি দুই চোখেরই দৃষ্টি শক্তি হারান। নিগমাত্মানন্দজী বিশ্বাস করেন যে তাঁরই একটা ভুলে তিনি দুই চক্ষুর দৃষ্টিই হারিয়েছেন। কিছু বছর আগে একজন এসে শ্রীগৌরাঙ্গদেবের সমালোচনা করছিল। মহাপ্রভুর নিন্দা সহ্য করতে না পেরে নিগমাত্মানন্দজী তাকে রেগে গিয়ে বলেছিলেন, ''এক লাথি মারবো।'' তাকে কু-কথা বলার কর্মফলের আগুনে তিনি পতিত হয়ে গেছেন বলেই তাঁর ধারণা। তাই তিনি দৃষ্টি হারিয়েছেন। এইসব কথা বলার পর তিনি তাঁর আশ্রমের কিছু লোকজনের সাহায্যে শ্রীশ্রীমাকে বরণ করলেন। শ্রীশ্রীমাও তাঁকে বস্ত্র, বিস্কুট ও তাঁর মন্দিরের ঠাকুরের ভোগের জন্য ফল দিলেন। নিগমাত্মানন্দজী শ্রীশ্রীমায়ের ভালোবাসা পেয়ে শিশুর মতন খুশী হলেন। তাঁর আশ্রমে রাধাকৃষ্ণের মূর্তি ও শ্রীচৈতন্যদেবের মূর্তি দেখে জানা গেল যে তিনি তন্ত্র সাধনার পরে প্রেমময় রাধাকৃষ্ণের সাধনা করে চলেছেন। সেই নিয়েই তিনি এখন আছেন।

নিগমাত্মানন্দজী নয়জন গুরুর থেকে সাধনা প্রাপ্ত হয়েছেন। ছোটবেলায় তাঁর মা তাঁকে 'রাম' মন্ত্রে দীক্ষা দিয়েছেন। সেই দীক্ষার ফল তিনি প্রমাণ পেয়েছিলেন পরে। ছোটবেলায় বাঁশবনের মধ্যে দিয়ে যাবার সময় তিনি খুব শেয়ালের ভয় পেতেন। তখন তাঁর মা তাঁকে বলেছিলেন — ''বনের মধ্যে দিয়ে যাবার সময় রাম নাম স্মরণ করবি, তাতে শেয়ালেরা কোন দিনও কামড়াবে না।'' নিগমাত্মানন্দজী তাতে ফল পেয়েছিলেন।

নিগমাত্মানন্দজীর বাবা যখন সমাধি অবস্থায় ছিলেন তখন তাঁকে তিনি ব্রহ্মমন্ত্র দান করেছিলেন। নিগমাত্মানন্দজী যেখানে বসেছিলেন সেইখানে একটি দেওয়ালে দুই-তিনটে তাকে অনেক হোমিওপ্যাথি ওষুধের বোতল রাখা আছে দেখে তাঁকে জিজ্ঞাসা করলে জানা যায় যে তাঁর হোমিওপ্যাথি চিকিৎসা বিষয়েও ভালো জ্ঞান আছে। অনেক লোকই তাঁর কাছ থেকে হোমিওপ্যাথি ওষুধ নিয়ে যান। তাঁকে সাহায্য করেন ওই গ্রামেরই লেখাপড়া জানা একটি চাষীর মেয়ে, নাম রূপা। নবমতারা পুরীর কাছ থেকে তিনি কবিরাজী শিক্ষাও লাভ করেছিলেন। নিগমাত্মানন্দজী জানালেন যে তিনি গৃহস্থ জীবনও যাপন করেছেন। তিনি চাকুরী করেছেন, স্কুলে মাস্টারও ছিলেন।

নিগমাত্মানন্দজী যখন জানালেন যে তিনি বাক্সাড়ার লাহিড়ীবাবার দর্শন লাভ করেছেন, তখন শ্রীশ্রীমা সাধুবাবাকে জানালেন যে ওই বাক্সাড়ার লাহিড়ী বাবাই ওনার সদ্গুরু, যিনি সব জ্ঞানই প্রাপ্ত - বেদান্ত, তন্ত্র সব। শ্রীশ্রীবাবার তন্ত্রসাধনার গুরু আরামবাগের তারাপদ বাচস্পতি মহাশয়ের নাম শ্রীশ্রীমা বললেন। হিমালয়ে শ্রীশ্রীবাবার ২৮ বছর সাধনা ও নাঙ্গাবাবার নাম শ্রীশ্রীমা নিগমাত্মানন্দজীকে জানালেন। শ্রীশ্রীমা বললেন যে শ্রীশ্রীবাবা তন্ত্রের চৌষট্টিভাগ সম্পূর্ণ রূপে সাধনা করেছিলেন। শ্রীশ্রীমা তাঁর বেদান্ত সাধনা,

সমাধিপাদ লাভ, দশমহাবিদ্যা সাধনা ও তারপর জগৎ কল্যাণমূলক কর্মের কথা জানালেন সাধুবাবাকে। নিগমাত্মানন্দজী দুঃখ করে বললেন শ্রীশ্রীমাকে —"আমি তো দেখতে পাই না, আপনি এলেন —।" শ্রীশ্রীমা তখন জানালেন —"ঠাকুরকে বলেছি তোমাকে আমার দর্শন করাতে। ঠাকুর ঠিক তোমাকে দর্শন করিয়ে দেবেন।"

সাধুবাবা নিগমাত্মানন্দজী শ্রীশ্রীমায়ের আশ্রমের কথাও বিশদভাবে জানতে পারলেন। নিগমাত্মানন্দজীকে জিজ্ঞাসা করায় তিনি জানালেন যে তিনি খুব বিচার করে অল্প দীক্ষা দেন। নিগমাত্মানন্দজী বললেন —'দীক্ষা নিতে যে এলো তাকে নিয়ে আমি কয়েকদিন ধরে চিন্তা করি। দৈবাদেশে আমার বুকের মধ্যে অকস্মাৎ চেতনার আভাস প্রকাশিত হলে তখন বুঝি যে দীক্ষা প্রার্থী আমার পূর্ব পরিচিত অথবা তাকে দীক্ষা দান করা যাবে। এই দীক্ষাদানের উপায়টি আমার বাবা আমায় শিখিয়েছিলেন। এরপর শ্রীশ্রীমা তাঁর নিজের জীবনের ও শ্রীশ্রীবাবার অনেক কথা সাধুবাবাকে জানালেন। সূক্ষ্মলোক ও মহাত্মাদের কথা বললেন। স্থূল জগতে তাঁর কর্মের কথাও বললেন শ্রীশ্রীমা। মহাবতার বাবার কথা, নাঙ্গাবাবার কথা ও ধীরে ধীরে মায়ের অল্প অল্প করে প্রকাশ কিভাবে হল, সে কথা শ্রীশ্রীমা বললেন।

কথাবার্তার পর নিগমাত্মানন্দজীর আশ্রমে শ্রীশ্রীমাকে ও তাঁর ভক্তশিষ্যদের বহুপদ সাজিয়ে ভোগ নিবেদন করলেন। অত্যন্ত গরমে মাঝখানে লোডশেডিং হবার পরে এক থালা মিষ্টি ও তারপর ভোগ পরিবেশন করা হলে, শ্রীশ্রীমা তাঁর সন্তানদের সঙ্গে অনেক রসিকতাও করলেন। নিগমাত্মানন্দজীর ঘরের পাশেই ওনার বাবা মায়ের সমাধি মন্দির অবস্থিত। সেখানে আঁদ্যামায়ের ছবি ও নিগমাত্মানন্দজীর গুরুদেবদের ছবি রাখা আছে। প্রাচীন শ্মশানের মাঝে সমাধি মন্দিরের পরিবেশটি একটু বিশেষ রকম।

সব শেষে শ্রীশ্রীমা নিগমাত্মানন্দজী ও তাঁর আশ্রমের লোকজনদের তাঁর শিবরামপুর আশ্রমে আসার আমন্ত্রণ জানিয়ে বিকেল চারটে নাগাদ সকলের সঙ্গে তাঁর আশ্রমে ফিরে আসলেন। নিগমাত্মানন্দজীকে দর্শন করে আমাদের এটিই আশ্চর্য্য লাগলো যে দুটি চোখে দৃষ্টি না থাকা সত্ত্বেও তাঁর মধ্যে এক অনাবিল আনন্দের প্রকাশ এবং শান্ত সমাহিত ভাব সর্বদাই লক্ষ্য করা গেল।

— মাতৃচরণাশ্রীতা শ্রীমতী সঙ্ঘমিত্রা চক্রবর্ত্তী

গুরুগীতা

(মূল, অন্বয়, বঙ্গানুবাদ যৌগিক ও সাধারণ অর্থ সম্বলিত)

যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়

(১৩)

গুরুরাদিরনাদিশ্চ গুরুঃ পরমদৈবতম্।
গুরোঃ পরতরং নাস্তি তস্মৈ শ্রীগুরবে নমঃ।। ৪৭

গুরুঃ আদিঃ (সৃষ্টেরাদিঃ) অনাদিশ্চ (তস্য আদির্নাস্তি তস্মাৎ অনাদিঃ), গুরুঃ পরমদৈবতং, গুরোঃ পরতরং নাস্তি, তস্মৈ শ্রীগুরবে নমঃ।। ৪৭

গুরু আদি পুরুষ (সৃষ্টির আদি, অর্থাৎ তাঁহা হইতে সৃষ্টজগতের উৎপত্তি হইয়াছে বলিয়া তিনি আদিপুরুষ, তিনি সৃষ্টির বহির্ভূত বলিয়া তিনি অনাদিপুরুষ (সৃষ্টি উৎপন্ন ফল বলিয়া সৃষ্টিমধ্যে কারণ ও কারণ ফল সম্বন্ধে বিচার হয়, পরন্তু কারণফলের পরপারে কেবল মাত্র কারণই অবশিষ্ট থাকে বলিয়া কারণের কারণ কিছু হইতে পারে না বলিয়া তিনি অনাদি (মূলং মূলাভাবাৎ অমূলং মূলম্ — সাংখ্য, অপি চ গীতা ১১ অঃ, ১৯ এবং ৩৮ শ্লোক দেখ); তিনি পরমদৈবত (গুরু সকল দেবতার পরপারে আছেন বলিয়া তিনি পরমদৈবত (কৃষ্ণায়ত্তঞ্চ তদ্দৈবং স দেবাৎ পরতস্ততঃ — ব্রহ্মবৈবর্ত্তপুরাণ গণেশখণ্ড দেখ; অর্থাৎ কৃষ্ণরূপী পুরুষের আয়ত্তে যাহা কিছু কার্য্য হইতেছে, তাহাই দৈবকার্য্য বলিয়া নির্দ্দেশ করা হয়, পরন্তু তিনি দৈবের পরপারে আছেন সুতরাং তিনি পরমদৈবত — দূর হইতে তাঁহাকে কূটস্থগুহারূপ কৃষ্ণকায় পুরুষ বিন্দুরূপে দেখা যায়, পরন্তু গুহামধ্যে প্রবেশ করিলে তাঁহাকে রূপাতীত বলিয়া প্রতীয়মান হয়); অতএব দৈবরূপ বলিয়া যাহা কিছু জীবচক্ষে প্রতীয়মান হয় তাহা গুরুর প্রকৃত রূপ নহে এবং গুরুর প্রকৃত রূপ অবগতির জন্যই এই সাধনক্রিয়া। গুরুর পরপারে আর কিছু মনের দ্বারা গ্রহণ করিবার নাই, কারণ মনও তাঁহাতে গিয়া লয় হয়; এমত গুরুকে নমস্কার।। ৪৭

ধ্যানমূলং গুরোর্মূর্ত্তিঃ পূজামূলং গুরোঃ পদম্।
মন্ত্রমূলং গুরোর্ব্বাক্যং মোক্ষমূলং গুরোঃ কৃপা।। ৪৮

গুরোঃ মূর্ত্তিঃ ধ্যানমূলং, গুরোঃ পদং পূজামূলং, গুরোঃ বাক্যং মন্ত্রমূলং, গুরোঃ কৃপা মোক্ষমূলম্।। ৪৮

কূটস্থপদে প্রকাশিত গুরুর রূপ, উহাই গুরুভাব প্রাপ্তি উদ্দেশ্যে ধ্যানের মূল-স্বরূপ; হংসরূপ গুরুপদের পূজা (অর্থাৎ বায়ু সাধনরূপ ক্রিয়া) উহাই পূজার মূল (অর্থাৎ গুরুলাভোদ্দেশে তৎসাধনই পূজার ব্যবস্থা হইতেছে); গুরুর বাক্যে (অর্থাৎ ওঁকাররূপ জপক্রিয়া যাহা গুরু দিয়াছেন) উহাই জপের মূল; এবং সর্ব্ব প্রকার সাধন শেষে গুরুর কৃপা হয়, অর্থাৎ তখন শিষ্য সব শক্তি গুরুকে অর্পণ করিয়াছে এবং অহংভাবে নিজস্ব কিছু নাই বলিয়া, গুরুকৃপাবলে যাহা কিছু হইতেছে, তখনই জীব মুক্ত বলিয়া বুঝিতে হইবে। জগৎ সম্পর্ক অহং বোধে নিজস্বের ধারণা হয়, তাহা যখন ঘুচিল, তখনই জীবসত্তা লুপ্ত হইল, জগৎ সম্পর্কও ঘুচিল - জীব মুক্ত হইল।। ৪৮ *...ক্রমশঃ*

(কলিকাতা—আদিনাথ-আশ্রম হইতে প্রকাশিত ও সর্বসত্ত্ব সংরক্ষিত)

যৌগিক চেতনায় শ্রীশ্রীচণ্ডীতত্ত্ব

ত্রয়বিংশ পর্য্যায়—

শ্লোক :— *ত্বং শ্রীস্ত্বমীশ্বরী ত্বং হ্রীস্ত্বং বুদ্ধির্ব্বোধ লক্ষণা।*
লজ্জা পুষ্টিস্তথা তুষ্টিস্ত্বং শান্তিঃ ক্ষান্তিরেব চ।।৫৮।।

বাংলা শ্লোকার্থ :— মা! তুমিই লক্ষ্মী, তুমিই ঈশ্বরী, দুষ্কর্ম জনিত আত্মগোপন ইচ্ছারূপিণী তুমিই হ্রী। তুমি বুদ্ধি এবং শুদ্ধবোধ স্বরূপা। লজ্জা, পুষ্টি, তুষ্টি, শান্তি এবং ক্ষমাও তুমি।

যৌগিক ব্যাখ্যা :— মহামায়া জগতজননী সমষ্টি রূপা মহতী প্রকৃতি হয়েও ব্যষ্টি প্রকৃতিরূপে সর্বজীবে বিরাজিতা ইহাই এই স্তোত্রে পরিস্ফুট হয়েছে। তিনি জীবের সৌভাগ্যরূপিণী শ্রী, প্রভুত্ব আধিপত্যরূপিণী ঈশ্বরী, অসৎকর্ম জনিত আত্মগোপনেচ্ছা স্বরূপা হ্রী এবং তিনিই সকলের বুদ্ধি শুদ্ধবোধ, লজ্জা, পুষ্টি, তুষ্টি ও শান্তি-স্বরূপা। মহামায়ার এই সমস্ত গুণে ভূষিত হয়ে যোগীসাধক দিব্যভাবে অধিষ্ঠিত হতে পারেন। সাধনাহীন সংসার মায়ায় বদ্ধ মানুষ এই সমস্ত দিব্যগুণাবলী থেকে বঞ্চিত হয়ে অহংভাবে কামনা-বাসনা চরিতার্থ করে নিম্ন চেতনা সম্পন্ন হয়ে পশুবৎ জীবনযাপন করে এবং তাদের অধোগতিকে ত্বরান্বিত করে।

শ্লোক :— *খড়্গিনী শূলিনী ঘোরা গদিনী চক্রিণী তথা।*
শঙ্খিনী চাপিনী বাণ ভুশুণ্ডী পরিঘায়ুধা।।৫৯।।

বাংলা শ্লোকার্থ :— তুমি খড়্গ, ত্রিশূল, শঙ্খ, চক্র, গদা ধারিণী। তুমি ঘোরা — এক হাতে নরমুণ্ড। তোমার হস্ত ধনুর্বাণ, ভুশুণ্ডী ও পরিঘা অস্ত্র শোভিত।

যৌগিক ব্যাখ্যা :— আমরা পার্থিব জগতে শুধু মায়ের দয়া করুণা ও আশীষ পেতেই আগ্রহী। তাই অপরাধ করেও আশা করি মা যেন স্নেহ বশে আমাদের অপরাধ ক্ষমা করেন। কিন্তু শাসন করা তারই সাজে স্নেহ মমতায় আদর করে যে। তাই আমাদের উপলব্ধি করতে হবে মায়ের শাসনের মধ্যে সন্তানের সর্বাঙ্গীন মঙ্গল কামনা নিহিত আছে। তিনি সন্তানের অমানবিক প্রকৃতি ও দোষ ত্রুটি সংশোধনের জন্য বিভিন্ন অস্ত্রে সজ্জিতা হয়ে আবির্ভূতা হন। জীবের ভোগ লালসাকে নাশ করার জন্য একদিকে যেমন তিনি খড়্গ ধারিণী, অহঙ্কার চূর্ণ করার জন্য তিনি শূলধারিণী, ভ্রষ্টাচার প্রতিহত করার জন্য তিনি সকল রিপুনাশিনী নৃমুণ্ডধারিনী ঘোরা রূপে আবির্ভূতা। তেমনি অসৎকর্ম নিবারণে তিনি চক্রধারিণী, অমঙ্গল নাশে শঙ্খধারিণী, বিপদকালে ও রোগ বিনাশে ধনুর্ধারিণী, দুর্ঘটনা জনিত যাতনা লাঘবে বাণ, ভুশুণ্ডী, লৌহ গদা ধারিণী রূপে প্রকাশিত হন। অর্থাৎ, সামগ্রিকভাবে সন্তানের সর্বাঙ্গীন মঙ্গল ও দোষ-ত্রুটি সংশোধনে জগতজননী এই শাসনকর্তৃর ভূমিকা সত্যই মমতাময়ী মায়ের বিশেষ রূপের পরিচয়।

...ক্রমশঃ

—অধ্যাপক শ্রীহরপ্রসাদ রায় (অবসরপ্রাপ্ত)
বহরমপুর কলেজ, মুর্শিদাবাদ

শ্রদ্ধাঞ্জলি

শ্রীমৎ স্বামী হরিহরানন্দ, পাহাড়ীবাবার শিষ্য স্বামী দয়ানন্দ গিরি মহারাজের সঙ্গে শ্রীশ্রীমায়ের প্রায় ১৫ বছরের সম্পর্ক। শ্রীশ্রীমায়ের সান্নিধ্যে তিনি সুদীর্ঘকাল উন্নতমানের ক্রিয়াযোগ সাধনা শিক্ষা করতেন বলে শ্রীশ্রীমা তাঁকে 'নাড়ুগোপাল' বলে সম্বোধন করতেন। তিনি ছিলেন আমাদের সবার প্রিয়। বিগত ৬-ই ডিসেম্বর ভোরে তাঁর সজ্ঞান প্রয়াণে আমরা অতীব দুঃখিত ও শোকাহত হই। তাঁর প্রতি জানাই আমাদের আন্তরিক শ্রদ্ধা ও ভালবাসা।

নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা

ষষ্ঠবিংশপর্য্যায় — (ঊর্বশী)

বৈদিক সাহিত্যে গন্ধর্ব ও অপ্সরারা প্রধান ভূমিকা পালন না করলেও দেব-তালিকায় স্থান পেয়েছেন। তারমধ্যে ঊর্বশীর কথা বিশেষভাবে উল্লেখযোগ্য কারণ গৌণ দেবতাদের মধ্যে তিনি আবার স্ত্রী দেবতা। ঊর্বশী নামটি ঋগ্বেদে দুইবার উচ্চারিত হলেও একটি মাত্র সম্পূর্ণ সূক্তে আমরা পুরুরবার সঙ্গে তাঁকে কথোপকথন করতে দেখেছি। ঋগ্বেদের এই সূক্তটি (১০/৯৫) নানা কারণেই পণ্ডিতদের দৃষ্টি আকর্ষণ করেছে। প্রথমতঃ ঊর্বশীর কথা ঋগ্বেদ থেকে শতপথ ব্রাহ্মণ, পুরাণ হয়ে কালিদাসের নাটকেও স্থান পেয়েছে। কাজেই বৈদিক যুগের পরবর্তী সময়েও ঊর্বশী পণ্ডিতদের দৃষ্টি আকর্ষণ করেছে। পুরুরবা-ঊর্বশী সূক্তটি ঋগ্বেদে যে গুটিকয়েক আখ্যানসূক্ত আছে তার মধ্যে অন্যতম শ্রেষ্ঠ। এই আখ্যানে কিছু যৌনতার কথা থাকলেও অসাধারণ নাটকীয়তা বর্তমান এবং যজ্ঞতত্ত্বের সাঙ্কেতিক ব্যাখ্যা হিসাবেও ভারতীয় ধারা সূক্তটির নানা অংশের আলোচনা করেছে। পণ্ডিতেরা পুরুরবা ও ঊর্বশীকে দ্যুস্থানীয় দেবতা বলে মনে করেন।

পাশ্চাত্য পণ্ডিত ম্যাক্সমূলর ঊর্বশীকে ঊষার রূপভেদ বলে মনে করতেন তাঁর Selected Essays গ্রন্থের প্রথম খণ্ডে তিনি লিখেছেন - 'I therefore accept the common Indian explanation by which this name is derived from uru, wide...uru-asi frequent epithet of the dawn uruki'। বস্তুত পক্ষে ম্যাক্সমূলরের এই ব্যাখ্যা যাস্কের নিরুক্ত ব্যাখ্যার একটা অংশমাত্র। আমরা ঊর্বশী ও পুরুরবা উপাখ্যানের তাৎপর্য আলোচনার আগে বেদ ও পুরাণে তাঁদের সম্পর্কে কিরূপ আলোচনা পাওয়া যায় সেই তথ্যের মধ্যে প্রবেশ করতে চাই।

ঋগ্বেদের ১০/৯৫ সূক্তের ব্যাখ্যায় পুরুরবা ও ঊর্বশীকে এই সূক্তের ঋষি ও দেবতা হিসাবে ব্যাখ্যা করা হয়েছে। এতে আশ্চর্য হওয়ার কিছু নেই কারণ অনেক মন্ত্রের ক্ষেত্রেই দেবতা ও ঋষিকে এক বলে ব্যাখ্যা করার ধারা পাওয়া যায়। পুরুরবা ও ঊর্বশীর কথোপকথনাত্মক ১৮টি মন্ত্র সূক্তটিতে আছে। সূক্তে দেখি বারবছর পুরুরবার সঙ্গে বাস করার পরে এবং তাঁদের সন্তান উৎপন্ন হবার পরে ঊর্বশী পুরুরবাকে ত্যাগ করে চলে যাচ্ছেন। পরুরবা আকুলভাবে তাঁর কাছে থেকে যাবার জন্য প্রার্থনা করছেন। পুরুরবার কোন যুক্তিই ঊর্বশীকে ছুঁতে পারল না, তিনি পুরুরবাকে প্রত্যাখ্যান করে চলে গেলেন। চলে যাবার সময় ঊর্বশী পুরুরবার বিরুদ্ধে কোন প্রকার অবহেলার কথা বলেন নি। সুকুমার সেন প্রশ্ন তুলেছেন - 'ঊর্বশী কি পাথর হৃদয়ের কোন বৈদেশিক নায়িকা! ভারতীয় নারী স্বামীর এরূপ আকুল আহ্বানে সাড়া না দিয়ে থাকতে পারে কি?'

যাবার আগে পুরুরবা ঊর্বশীকে বলেছেন — 'হে পত্নি! তোমার চিত্ত কি নিষ্ঠুর! অতি শীঘ্র চলে যেও না। আমাদের দুই-জনেরই কিছু কথা বলা উচিৎ। এখন যদি মনের কথা না বলা হয়, তাহলে ভবিষ্যতে তা সুখের হবে না' (ঋগ্বেদ ১০/৯৫/১)। ঊর্বশী নিষ্ঠুরভাবে সেই অনুনয় প্রত্যাখ্যান করে জানালেন — 'তোমার সঙ্গে আর কথা বলে কি হবে? আমি প্রথম ঊষার মত চলে এসেছি। হে পুরুরবা তুমি নিজের গৃহে ফিরে যাও। বায়ুকে যেভাবে ধরা যায় না, তেমনি ভাবে তুমিও আমাকে ধরে রাখতে পারবে না' (ঋগ্বেদ ১০/৯৫/২)। পুরুরবা নিজে মানুষ হয়ে যখন অপ্সরাদের দিকে অগ্রসর হলেন তখন তারা আপন রূপ পরিত্যাগ করে হরিণ যেমন ভয় পেয়ে দ্রুত পালায়, রথে ঘোড়া জুড়লে সে যেমন দ্রুত ছোটে সেভাবে দ্রুত পালিয়ে গেল। ঊর্বশী নিজের শরীর দেখাল না। ঊর্বশী অত্যন্ত নাটকীয়ভাবে বলেছে - 'স্ত্রীলোকের প্রণয় স্থায়ী হয় না। স্ত্রীলোকের হৃদয় আর চিতাবাঘের (বৃকের) হৃদয় একই রকম। ঊর্বশী পুরুরবাকে অনেক যন্ত্রনা দিয়ে শেষে তাকে পরিত্যাগ করেছে।

শতপথ ব্রাহ্মণে (১১/৫/১) পুরুরবা কাহিনী আরো কিছুটা নতুন রূপ পেয়েছে। ঊর্বশী নামক অপ্সরা কামনা করে পুরুরবাকে পেয়েছিলেন। তাঁদের মধ্যে শর্ত ছিল যে রাজা পুরুরবা কখনো তাঁর নগ্নরূপ ঊর্বশীকে দেখাবেন না। ঊর্বশীর খাটের পায়ার সঙ্গে তাঁর পোষা মেষশিশু বাঁধা থাকত। একদা রাত্রে সে দুটি চুরি হয়ে যাওয়ায় ঊর্বশীর অনুরোধে পুরুরবা চোরেদের পশ্চাৎধাবন করলেন। দ্রুত গতিতে ছোটার জন্য তার বস্ত্র কখন খসে গেছে সেকথা টেরও পান নি। ঊর্বশীও মুক্ত প্রান্তরে পুরুরবার অন্বেষণ করছিলেন। এমন সময় বিদ্যুৎ ঝলকের তীব্র আলোয় ঊর্বশী পুরুরবাকে দেখলে শর্তভঙ্গ হবার কারণে পুরুরবাকে পরিত্যাগ করেন।

বৈদিক সাহিত্যের পরবর্তী কালের রচনা শৌনকের 'বৃহদ্দেবতা' গ্রন্থে এই কাহিনী আরো পল্লবিত হয়েছে। এই গ্রন্থটিতে পুরাণের আখ্যান দানা বেঁধেছে বলে পুরাণের মত

আখ্যানবিন্যাস পরিলক্ষিত হয়। পুরুরবা ও উর্বশী যখন সুখে বসবাস করছিলেন তখন ইন্দ্র ঈর্ষান্বিত হয়ে মেষ চুরির ঘটনাটা ঘটান এবং তাঁরই আদেশে বজ্র উর্বশীর কাছে পুরুরবার রূপ প্রকাশ করে দিয়েছিল। পুরুরবা উর্বশীর বিরহে পাগল হয়ে যখন সর্বত্র তাঁকে অন্বেষণ করছেন তখন একটা সরোবরে পঞ্চসুন্দরীর সঙ্গে জলক্রীড়ায় রত দেখে তাঁকে আবার সংসারে ফিরে আসতে বললেন কিন্তু এখানেও উর্বশী জানালেন — 'আমাদের মিলন সম্ভব নয়, তুমি আমাকে আবার স্বর্গে ফিরে পাবে'।

আখ্যানের বাহ্যিক ধারাটা কিভাবে পুরাণেতিহাসে পল্লবিত হয়েছিল সেই আলোচনা আমরা পরে ক্রমশঃ উপস্থাপিত করব। এখন এই আখ্যানের একটা তাৎপর্য অনুসন্ধান করা যেতে পারে। রমেশ চন্দ্র দত্ত এই উপাখ্যানের তাৎপর্য সন্ধান করতে গিয়ে জানিয়েছেন — উর্বশী পুরুরবার সঙ্গে কিছুকাল বাস করলেও তাঁকে উর্বশীকে পরিত্যাগ করতেই হয়, কারণ উর্বশীর আদি অর্থ উষা এবং পুরুরবার আদি অর্থ সূর্য। সূর্য উদিত হলে উষা আর থাকতে পারে না। তাই উর্বশীর সঙ্গে পুরুরবার চির-মিলন সম্ভব নয়। প্রাকৃতিক তত্ত্বকে ব্যাখ্যা করতে গিয়ে ঋগ্বেদের অনেক স্থলেই এরূপ কথা এসেছে। উষা সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমরা দেখিয়েছি যে ঋগ্বেদের ঋষি বলেছেন, 'প্রেমিক যেভাবে প্রেমিকাকে অনুসরণ করে কিন্তু কখনো ধরতে পারে না তেমনি সূর্যও প্রেমিকা উষাকে ধরতে পারছে না'।

উর্বশী শব্দের ব্যাখ্যা করতে গিয়ে নিরুক্তকার যাস্ক বলেছেন - 'উর্বশ্যপ্সরা উর্বভ্যশ্নুত উরুভ্যামশ্নুত উরুর্বা বশোহস্যাঃ' (নিরুক্ত ৫/১৩/১)। এই শব্দটি অনবগত সংস্কার হলেও তাকে তিন ভাবে ব্যাখ্যা করা হয়েছে নিরুক্তে। উর্বশী শব্দের ব্যুৎপত্তি 'উরু' অর্থাৎ 'মহৎ যশ ব্যাপ্ত করে', অর্থাৎ মহাযশের অধিকারিণী। দুর্গাচার্য তাই টীকায় লিখেছেন - 'উরু মহদ্ যশোহভিব্যাপ্নোতীতি'। স্কন্দস্বামী আবার উরু + অশ্ ধাতু থেকে নিষ্পন্ন উর্বশিনী থেকে উর্বশী শব্দ গঠিত বলে মনে করেন। পুরুরবা শব্দ সম্পর্কে আলোচনা করতে গিয়ে যাস্ক বললেন - 'পুরুরবা বহুধা রোরূয়তে' (১০/৪৬/৪)। পুরু পূর্বক রু ধাতু থেকে পুরুরবস্ অর্থাৎ বহুপ্রকার শব্দ বার বার করে থাকে। স্কন্দস্বামী এখানকার ব্যাখ্যায় পুরুরবাকে প্রাণবায়ু বলেছেন (বিজ্ঞায়তে হি বায়ুঃ প্রাণ এব পুরুরবা ইতি)। আরো একটু ব্যাখ্যা করে জানালেন পুরুরবা মেঘধ্বনিরূপ শব্দ উৎপন্ন করে (স্তনয়িত্নুলক্ষণং শব্দং করোতীতি)। যাস্ক তাঁর বক্তব্যের সমর্থনে ঋগ্বেদের ১০ম মণ্ডলের নিম্নলিখিত মন্ত্রটি উদ্ধৃত করেছেন —

'সমস্মিঞ্জায়মান আসত গ্না উতেমবর্দ্ধন্নদ্যঃ স্বগূর্ত্তা।
মহে যত্ত্বা পুরূরবো রণায়াবর্দ্ধয়ন্ দস্যুহত্যায় দেবাঃ'।। (ঋগ্বেদ ১০/৯৫/ ৭)

অর্থাৎ, পুরুরবা যখন জন্মগ্রহণ করলেন, দেব মহিলারা দেখতে এল, নিজ ক্ষমতায় যারা গমন করে সেই নদীরা পর্যন্ত সংবর্ধনা করল। 'হে পুরুরবা! দেবতারা দস্যু বধ উপলক্ষ্যে তোমাকে তুমুল যুদ্ধে পাঠাবার জন্য সম্বর্ধনা করতে লাগলেন।' এর তাৎপর্যার্থ হল - 'মরুদ্‌গণ দুর্ভিক্ষাদি দস্যু হত্যার জন্য মেঘের সঙ্গে যখন যুদ্ধ হচ্ছিল তখন পুরুরবাকে সংবর্ধনা করেছিলেন। তখন যেহেতু নদী, পুকুর প্রভৃতির জল বৃদ্ধি পায় তাই নদী প্রভৃতিরা তাঁকে সংবর্ধনা করেন।' রমেশ দত্ত এবং ম্যাক্সমূলর পুরুরবার অর্থ করেছেন সূর্য। বায়ু যেমন গর্জন করে বা শব্দ করে তেমন সূর্যের প্রচণ্ড কিরণও একপ্রকার অব্যক্ত শব্দ করে। পুরুরবা ও উর্বশীকে সূর্য এবং উষা হিসাবে ব্যাখ্যার পিছনে ঋগ্বেদের ১০/৯৫/১০ মন্ত্রটির কথা বলা হয়ে থাকে যেখানে পুরুরবা বলেছেন, 'আমি বসিষ্ঠ (সূর্য), অন্তরিক্ষ পূর্ণকারিণী আকাশপ্রিয়া উর্বশীকে (উষাকে) আমি আলিঙ্গন করছি'।

পূর্বোক্ত আখ্যানসূক্তটিতে পুরূরবাকে 'ঐল' বলা হয়েছে। আপ্রীসূক্ত থেকে জানা যায় যে পুরুরবাই ঐল বা অগ্নিপুত্র। বেদের অনেক মন্ত্রেই সূর্যকে অগ্নির পুত্র হিসাবে সম্বোধন করা হয়েছে। সূক্তটির দেবতাকে বোঝার জন্য বেদমন্ত্র ও নিরুক্ত পর্য্যালোচনা করে বিখ্যাত পণ্ডিত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি মশাই তাঁর 'বেদের দেবতা ও কৃষ্টিকাল' গ্রন্থে লিখেছেন - 'আয়ু যজ্ঞ প্রবর্তন পুরুরবা উর্বশী সংবাদের তাৎপর্য। পুরুরবা নগ্ন ইহার অর্থ সূর্যের প্রকাশ, সূর্যপ্রকাশেই উর্বশী অদৃশ্য হয়' (বেদের দেবতা ও কৃষ্টিকাল ৩৩ পৃঃ)।

উর্বশী অন্তরিক্ষলোকের ঈশ্বরী বা উষার সূর্যরশ্মি। ঋগ্বেদের যুগেই প্রচলিত ছিল উর্বশীর থেকেই ঋষি বসিষ্ঠের জন্ম। বসিষ্ঠ শব্দের অর্থ সূর্য। শব্দটি বসুতম বা উজ্জ্বলতম বোঝাতে ব্যবহৃত হয়। তাই পুরুরবা ও বসিষ্ঠ অভিন্ন। আর উর্বশী হলেন উষার সূর্যরশ্মি। সপ্তম মণ্ডলের একটি মন্ত্রে (ঋগ্বেদ ৭/৩৩/১১) বলা হয়েছে - উর্বশীর অপূর্বরূপ দর্শন করে মিত্রাবরুণের বীর্যপাত হল এবং সেখান থেকেই বসিষ্ঠের জন্ম। নিরুক্তকার যাস্ক এই মন্ত্রটি যেমন তাঁর গ্রন্থে উদ্ধৃত করেছেন তেমনি শৌনকের বৃহদ্দেবতা গ্রন্থেও এই আখ্যানটি বিবৃত হয়েছে।

এই আখ্যানের ধারা বেয়েই পণ্ডিতেরা বসিষ্ঠ ও ঊর্বশীর সম্পর্ককে খুঁজতে চেয়েছেন, বসিষ্ঠ মিত্রাবরুণের পুত্র। আবরণার্থক বৃ ধাতু থেকে বরুণ শব্দের উৎপত্তি। নিরুক্ত তাই জানিয়েছে বরুণ শব্দের অর্থ যিনি আবৃত করেন (বরুণো বৃণোতীতি সতঃ ১০/৩/৮)। বরুণ মেঘের দ্বারা আকাশকে আবৃত করেন। সায়ণের মতে মিত্র হলেন দিবাভিমানী দেবতা, আর বরুণ রাত্রির অভিমানী দেবতা (সায়ণের অথর্ববেদ ভাষ্য ১/৯/১ ও ১/৪/২৮ দ্রঃ)। তৈত্তিরীয় ব্রাহ্মণেও এরূপ উক্তি পাওয়া যায়। এনারা দুই জনেই সূর্যের প্রকারভেদ কারণ একটি সূর্যের আবরণকর্তা এবং অপরজন সূর্যের প্রকাশ কর্তা। সূর্যরশ্মির দ্বারা জল বাষ্পীভূত হয়ে মেঘে পরিণত হয়েই আকাশ আবৃত করে। ঋগ্বেদে (১/১১৫/১) তাই সূর্যকে মিত্রাবরুণের চক্ষু হিসাবে দেখা হয়েছে। এনারা দুই জনে তাই সূর্যের মতই স্বর্ণময় রথে পরিভ্রমণ করেন। (ঋগ্বেদ ৫/৬২/৮)। মিত্র ও বরুণ বিরুদ্ধ অবস্থার দেবতা। মিত্র চলে গেলে বরুণ আকাশকে অন্ধকারে আবৃত করে। আবার বরুণ চলে গেলে সূর্যালোকরূপী মিত্র নিজেকে প্রকাশ করে। এরা যেমন একই সঙ্গে থাকে না, তেমনি পুরুরবা-ঊর্বশীও একসঙ্গে থাকতে পারে না। প্রাতঃকালীন সূর্য পুরুরবা - ঊর্বশী বা ঊষার সঙ্গে একসঙ্গে থাকবেন কিভাবে? অশ্বিদ্বয়, মিত্রাবরুণ বা পুরুরবা-ঊর্বশী একই প্রাকৃতিক সত্যের আখ্যানরূপ এবং তারা সূর্য-চন্দ্র বা সূর্যরশ্মির প্রকারভেদ মাত্র। *...ক্রমশঃ*

— অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে

প্রশ্ন ৩৬ : জীবসত্তায় সুখ-দুঃখের বোধ বা অনুভূতি কোথা থেকে উৎসারিত হয় এবং সেই সুখ-দুঃখের পরপারে প্রশান্ত অবস্থার বোধে উন্নীত হওয়া যায় কখন, কোন অবস্থায়?

উত্তর : জীবের অহংভাব, অস্মিতার অবিদ্যাজনিত আবরণ অর্থাৎ কর্তৃত্বাভিমান তৎসঙ্গে ইন্দ্রিয়জ ও রিপুজ বিকার সম্পন্ন প্রবৃত্তিমূলক কামনা-বাসনার ফলেই সুখ-দুঃখের অনুভূতি হয় এবং চরমে মৃত্যুরাজ্য পরিভ্রমণ অবিদ্যারই ফলস্বরূপ। সুতরাং অবিদ্যাই সকল ক্লেশের মূল। এই অবিদ্যা নিবৃত্ত না হওয়া পর্য্যন্ত সত্তাত্মা স্বীয় ব্রহ্মস্বরূপে স্থিতিলাভ করিতে পারেন না। ব্রহ্মবিদ্যা সাধন কৌশল সাধনের ফলে প্রাণের গতি সুষুম্নাবাহী হইলে পরে তখন বিদ্যুৎ ঝলকের মত আলোক দর্শন হয় এবং সেই আলোকের সম্বর্দ্ধনের ফলে চিত্তচাঞ্চল্য দূরীভূত হইয়া 'জ্ঞান' বা প্রজ্ঞা অবস্থায় সাধককে উপনীত করিয়া দেয়। জ্ঞান নির্মল, চিত্তের স্বচ্ছতার প্রকাশক চিত্তের ধর্ম। অজ্ঞানও চিত্তেরই ধর্ম কিন্তু জ্ঞানে চিত্তের লক্ষ্য অন্তর্মুখ থাকে বলিয়া এবং অজ্ঞানে অন্তর্মুখ লক্ষ্য আবৃত থাকে বলিয়া জ্ঞানের দ্বারা অজ্ঞান নিবৃত্ত হয়। বহির্মুখতায় দুঃখ, অভাব আর অন্তর্মুখতায় সুখ বা তৃপ্তিবোধ ভাব। সত্তার বোধের লক্ষ্যের অন্তর্মুখতা আচ্ছন্ন হইলেই তখন সেখানে বহির্মুখতায় প্রাণচঞ্চল হইয়া মনকে অশান্ত ও দুঃখময় করিয়া তোলে। এই চিত্ত বিক্ষেপের মূলে আবরণেরই কার্য্য। কিন্তু যখন অন্তর্লক্ষ্যে চিত্ত নিবদ্ধ হইয়া অন্তর্মুখীন হইয়া প্রত্যাহৃত অবস্থায় উপনীত হয় তখন অন্তরে আলোক বিকাশের ফলে আবরণ অপসারিত হইয়া যায় এবং সে অবস্থায় অস্মিতা এবং তৎফলভূত সুখ-দুঃখ আপনিই নিবৃত্ত হইয়া যায়। এই যে জ্ঞান ইহা আসলে একপ্রকার অন্তঃকরণবৃত্তিতে প্রতিভাসমান চিৎশক্তির প্রকাশ। আর জ্ঞানের উন্মেষ হইলে অজ্ঞানের নাশ অবশ্যম্ভাবী। আর অজ্ঞানের নিবৃত্তিতে প্রশান্ত অবস্থার বোধে উন্নীত হওয়া যায়।

প্রশ্ন ৩৭ : নাম বা মন্ত্রজপ হইতে কিভাবে বিশুদ্ধ ধ্বনি ও জ্যোতির বিকাশ হয়?

উত্তর : লক্ষ্য অন্তর্মুখীন করিয়া সদ্‌গুরু প্রদত্ত নাম বা মন্ত্র যথাবিধি অভ্যাস করিতে করিতে আত্মস্থ হইতে পারিলে একসময় উহা হইতে ধ্বনি শ্রুতিগোচর হয়। নিয়মিত সাধনের ফলে অন্তঃস্থিত চিত্তবৃত্তি যতই নিবৃত্তির প্রবাহে যায় ততই মায়া প্রপঞ্চময় অশুদ্ধ ধ্বনিগুলি শুদ্ধতা প্রাপ্ত হইয়া বিশুদ্ধতা প্রাপ্ত হয়। এই বিশুদ্ধ ধ্বনি তখন মানসবৃত্তি স্বরূপ অশুদ্ধ ধ্বনিগুলিকে নির্মল করিয়া 'স্বরূপে' পরিণত করে — ইহাই চৈতন্যশক্তির খেলা। চিন্ময় নাম বা বীজ মন্ত্র জপ হইতে এই বিশুদ্ধ ধ্বনিরই বিকাশ হয়। ধ্বনি, শ্রুতিগোচরীভূত একপ্রকার শব্দ; ইহা মূলবস্তু নহে। ইহা জ্যোতির বহিঃপ্রকাশ মাত্র। প্রথমে শব্দ বা ধ্বনি, তৎপরে জ্যোতির স্ফুরণ সাধক প্রত্যক্ষ করেন। আবার কখনো কখনো প্রথমে জ্যোতি এবং তৎপরে সেই জ্যোতি হইতে শব্দের অনুরণন প্রতিধ্বনিত হইতেও শুনিতে পাওয়া যায়। আধারের তারতম্যে এই প্রকার অনুভূতির বিকাশ হইয়া থাকে। প্রাণায়াম সুদীর্ঘকাল সাধনের

ফলেও অন্তঃস্থিত বৃত্তি প্রত্যাহৃত হইয়া বিশুদ্ধ ধ্বনির স্ফুরণ হয়। অন্তর্মুখীন গতিতে জপ ও প্রাণায়ামের ফলে নাম বা জপের অক্ষমালারূপী জ্যোতির্বিন্দু, যাহা প্রতিটি চেতনার কমলের দলের মধ্যে রহিয়াছে, সেইগুলি বিগলিত হইতে আরম্ভ করে এবং বিশুদ্ধ জ্যোতিতে পরিণত হইয়া বিশুদ্ধ ধ্বনিতে পরিণত হইয়া যায়। বিশুদ্ধ ধ্বনি শ্রবণ করিতে করিতে চিত্ত যখন অন্তর্মুখ হয় তখনই জ্যোতির বিকাশ হইতে আরম্ভ করে। চরম অবস্থায় শুধুমাত্র জ্যোতিই থাকিয়া যায়; তখন ধ্বনি শোনা যায় না। তখন সাধকের এই উপলব্ধি হয় যে জ্যোতির বাহিরে ধ্বন্যাত্মক শব্দ হয় এবং ধ্বনির বাহিরে বর্ণাত্মক শব্দ অবস্থান করে। এই বিশুদ্ধ ধ্বনিই ওঙ্কারের স্বরূপ শক্তি, যদ্দ্বারা এই বিশ্বব্রহ্মাণ্ডের সৃজন হইয়াছে।

—শ্রীশ্রীমা সর্বাণী

গুপ্তযোগী ভূপতি মহারাজ

(১৭)

শ্রীসুরেন বন্দ্যোপাধ্যায়ের ডায়েরী থেকে — প্রথম দর্শন —

পূর্ব প্রকাশিতের পর ঃ শ্রীশ্রীভূপতিনাথ বিশেষ মনোযোগের সঙ্গে আমার কথা কয়টি শুনলেন, তারপর বলতে লাগলেন, ''আহা, আহা, আহা! আমার যাদুমণির মঙ্গল হোক, আমি সর্বান্তঃকরণে আশীর্বাদ করি আমার যাদুমণির মঙ্গল হোক। আশীর্বাদ করি, তোমার বাপ-মা, ভাই-বোন, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব ও হিতাকাঙ্ক্ষীর মঙ্গল হোক। হাজার হাজার বার আশীর্বাদ করি তোমার মঙ্গল হোক। লক্ষ লক্ষ বার আশীর্বাদ করি তোমার মঙ্গল হোক। তোমার কথা কটি শুনে আমার সত্যই বড় আনন্দ হল।''

আশীর্বাদে আমার অন্তরাত্মা যেন বিগলিত হয়ে গেল। এই প্রকার মধুর প্রাণখোলা আশীর্বাদ জীবনে এই প্রথম শুনলাম। মানুষের কথা যে এত মিষ্ট হয় তা আমার ধারণাতে ছিল না। আপনা আপনি করজোড়ে নমস্কার করে ফেললাম।

পুনরায় জিজ্ঞাসা করলেন,''আচ্ছা যাদুমণি, তোমাকে আর একটি কথা জিজ্ঞাসা করি। বলতে পার, ইংরাজী ফিলোজফি আর আমাদের হিন্দু দর্শনশাস্ত্র - এই দু-য়ের মধ্যে ভগবানের দিকে কোনটি বেশী এগিয়ে গেছে?''

আমি এবার আরও অধিক প্রমাদ গুণলাম। আমার কি বা বলার আছে! অথচ কিছু না বললেও ছাড়বেন বলে মনে হল না। তাই অধিক চিন্তা না করে হঠাৎ বললাম, আমার ইংরাজী দর্শনশাস্ত্রে জ্ঞান কতদূর, তাতো জেনেই ফেলেছেন। অর হিন্দু ফিলজফি সম্বন্ধে কোনো একখানা বই আজ অবধি চোখেও দেখিনি, পড়া তো দূরের কথা। এখন বলুন, এই বিদ্যাবুদ্ধি নিয়ে আপনার প্রশ্নের জবাব দেওয়া কি আমার পক্ষে সম্ভব?''

তিনি বললেন,''আচ্ছা, তোমরা হিন্দুর ছেলে, তোমাদের প্রফেসররা যখন পড়ান, তাঁরা তো হিন্দু-দর্শনের সঙ্গে তুলনা না করে বোঝাতে পারেন না। তাঁদের কি মত, তুমি সেই কথাটাই আমাকে বল।''

বুঝলাম কথা কাটাকাটি না করে সংক্ষিপ্ত একটা উত্তর দিয়ে দেওয়াই ভালো। বললাম, ''আমাদের প্রফেসারেরা হিন্দু-দর্শনকে অধিকতর উন্নত বলেন।''

তিনি বললেন, ''হ্যাঁ এই কথাই ঠিক।''

এতক্ষণে আমার জড়তা খানিকটা কেটেছে। সাহসে ভর করে আমি একটা প্রশ্ন করে ফেললাম — ''আপনি বললেন এই কথাই ঠিক, একটু বুঝিয়ে দেবেন, কেন এই কথাই ঠিক?''

